

আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু
আল্লাহর নামে আরম্ভ করছি
.....
আমার পক্ষ থেকে তুমি তাকে
কবুল করে নাও, নিশ্চয়ই তুমি
শ্রবণকারী, সর্বজ্ঞাত।
সূরা আল ইমরান- ৩৫

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ২২ রবিবার ১৯ এপ্রিল ২০২৬ ৬ ৩০ শাওয়াল ১৪৪৭ ১০ ৬ বৈশাখ ১৪৩৩ ১১ ম বর্ষ ৩২৭ সংখ্যা ৪ পৃষ্ঠা ৫ টাকা

নতুন আসীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট
শ্রীমন্ত্র সিমেন্ট
হাট্টের মজবুত সিমেন্ট
সেবা : ০১৯১০০৬৬৬৬৬, ০১৯১০২৭৭০৪



পেশাগত উৎকর্ষতার পাশাপাশি মানবিক মানুষ হয়ে ওঠাও জরুরি
কীর্তনখোলা ডেস্ক
প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারম্যান তারেক রহমান বলেছেন, চিকিৎসকরাই সত্যিকার অর্থে মানুষের বিপদের বন্ধ। চিকিৎসকের ২ এর পাতায় দেখুন।



সার্ক পুনরুজ্জীবিত করা প্রধানমন্ত্রীর অন্যতম প্রধান লক্ষ্য
কীর্তনখোলা ডেস্ক
সার্ককে পুনরুজ্জীবিত করা প্রধানমন্ত্রী তারেক রহমানের পররাষ্ট্র নীতির অন্যতম প্রধান লক্ষ্য বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী খলিলুর ২ এর পাতায় দেখুন।



সংসদে মন্ত্রীদের কথা শুনলে মনে হয় দেশে কোনো সমস্যা নেই
কীর্তনখোলা ডেস্ক
বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ও বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান বলেছেন, সরকারি দলের দায়িত্বপ্রাপ্ত ২ এর পাতায় দেখুন।



হাদি হত্যাকাণ্ড: অস্ত্র বিক্রেতা হেলালের স্বীকারোক্তিমূলক জবানবন্দি
কীর্তনখোলা ডেস্ক
হাদি হত্যাকাণ্ডে ব্যবহৃত অস্ত্রের বিক্রেতা মাজেদুল হক ওরফে হেলাল ইনকিলাব মস্তের আহরায়ক শরিফ ওসমান ২ এর পাতায় দেখুন।



বরিশালে স্পিকার হাফিজ উদ্দিন আহমেদ দীর্ঘ সময় ধরে সংসদ বয়কট গণতন্ত্রের জন্য ক্ষতিকর

কীর্তনখোলা রিপোর্ট
জাতীয় সংসদের স্পিকার মেজর হাফিজ উদ্দিন আহমেদ বীর বক্তব্য রাখেন, দীর্ঘ সময় ধরে সংসদ বয়কট করলে গণতন্ত্র ক্ষতিগ্রস্ত হবে এবং জনগণ তাদের অধিকার থেকে বঞ্চিত হবে। তিনি বিরোধী দলের প্রতি কঠোর-অকারণময় ওয়াকআউট না করার আহ্বান জানিয়েছেন। শনিবার (১৮ এপ্রিল) দুপুর ২টা বরিশাল নগরীর সার্কিট হাউজ হাফিজ উদ্দিন আহমেদ বীরের অধিকার থেকে বঞ্চিত হবে। তিনি বিরোধী দলের প্রতি কঠোর-অকারণময় ওয়াকআউট না করার আহ্বান জানিয়েছেন।

এইচএসসি পরীক্ষা পেছাতে, শুরু হবে ২ জুলাই

কীর্তনখোলা ডেস্ক
চলতি বছরের এইচএসসি ও সমমান পরীক্ষা পেছানো হয়েছে। আগের নির্ধারিত ৭ জুনের পরিবর্তে ২ জুলাই থেকে এ পরীক্ষা শুরু হবে বলে জানিয়েছেন শিক্ষা ও প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী ডা. আন ম এছানুল হক মিলন। শনিবার (১৮ এপ্রিল) সব শিক্ষা বোর্ডের চেয়ারম্যানদের সঙ্গে অনুষ্ঠিত এক ভার্চুয়াল সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। সভায় অংশ নেওয়া এক বোর্ড চেয়ারম্যান বিষয়টি নিশ্চিত করেছেন। ওই বোর্ড চেয়ারম্যান জানান, ২০২৬ খালের এইচএসসি পরীক্ষার্থীরা প্রস্তুতির জন্য কম সময় পাচ্ছে-এমন বিষয় নিয়ে গণমাধ্যমে সংবাদ প্রকাশ ও তাতে শিক্ষার্থী-অভিভাবকদের উদ্বেগের বিষয়টি নিয়ে সভায় আলোচনা হয়। ২ এর পাতায় দেখুন।

হাসপাতালে লোডশেডিং ব্যাহত চিকিৎসাসেবা

কীর্তনখোলা রিপোর্ট
বরিশালে লোডশেডিংয়ের প্রভাব পড়েছে রোগীদের ওপর। প্রতি এক ঘণ্টা পর লোডশেডিং হচ্ছে শের-ই-বাংলা চিকিৎসা মহাবিদ্যালয় (শেবাচিম) হাসপাতালের নতুন ভবন এবং জেনারেল হাসপাতালে। হাসফাস অবস্থা। এর মধ্যে টয়লেটে পানি থাকে না। গত বৃহস্পতিবার হাসপাতালের নতুন ভবনের চতুর্থ তলায় মেডিসিন ওয়ার্ডে চিকিৎসাধীন বানারীপাড়ার আ. রহমান জানান, কিছুক্ষণ আগে বিদ্যুৎ এসেছে। অর্থাৎ বেলা ১টা থেকে দুই ঘণ্টার বেশি বিদ্যুৎ ছিল না। মেডিসিন ওয়ার্ডে কথা হয় একাধিক রোগীর স্বজনদের সঙ্গে। তাঁরা বলেন, রোগের সঙ্গে এখন রোগীদের নতুন কষ্ট যোগ হয়েছে। আর রোগীর সেবা দিতে এসে গরমে অসুস্থ হয়ে পড়েছে অনেকে। রোগীর স্বজনরা জানান, দিনরাত মিলিয়ে কমপক্ষে ৪ বার বিদ্যুৎ যায়। প্রতিবার কমপক্ষে এক ঘণ্টা বিদ্যুৎ বন্ধ থাকে। বুধবার রাত ৯টায় বিদ্যুৎ গেলে আসে রাত ১২টায়। তখন অচল থাকে নতুন ভবনের ৪টি লিফট। মেডিসিন ওয়ার্ডের একজন সিনিয়র নার্স বলেন, বিদ্যুৎ বন্ধ হলে এই ভবনের বিকল্প কোনো ব্যবস্থা নেই। তবে কেন নেই, সেটা তিনি জানেন না। জানতে চাইলে শেবাচিম হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল এ কে এম মশিউল মুনীর ২ এর পাতায় দেখুন।



ভোলায় প্রবাসীর স্ত্রীকে কুপিয়ে হত্যা

ভোলা প্রতিনিধি
ভোলা সদর উপজেলায় ঘরে ঢুকে এক প্রবাসীর স্ত্রীকে কুপিয়ে হত্যার ঘটনা ঘটেছে। এ সময় আহত হয়েছে এক শিশু সন্তান। আহত শিশুর কাছ থেকে ঘটনার বর্ণনা শুনে শনিবার দুপুরে উপজেলার শিবপুর এলাকা থেকে এক যুবককে আটক করে পুলিশ। গুরুবার মধ্যাহ্নে শিবপুর ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ডের শরীফ সর্দার বাড়িতে এ ঘটনা ঘটে জানিয়েছেন ভোলা মডেল থানার ওসি মোহাম্মদ মনিরুল ইসলাম। ২ এর পাতায় দেখুন।



বর্তমান বিশ্বে গণতন্ত্র ছাড়া উন্নয়নের কোনো মাধ্যম আবিষ্কার হয়নি: স্পিকার

ভোলা প্রতিনিধি
জাতীয় সংসদের স্পিকার মেজর (অবঃ) হাফিজ উদ্দিন আহমেদ বলেছেন, প্রায় ১৬ থেকে ১৭ বছর বাংলাদেশের মানুষ গণতন্ত্রের দেখা পাননি। অবশেষে গণতন্ত্রের বিজয় হয়েছে। বর্তমান বিশ্বে গণতন্ত্র ব্যবস্থা ছাড়া উন্নয়নের অন্য কোনো মাধ্যম আবিষ্কার হয়নি। তিনি বলেন, বাংলাদেশের মানুষ সব আত্ম-অত্যাচার, গুম-খুন উপেক্ষা করে রাজপথে নেমে এসে গণতন্ত্রকে প্রতিষ্ঠিত করেছে। এটি আমাদের জন্য গৌরবের। শনিবার (১৮ এপ্রিল) সকালে ভোলা সার্কিট হাউজে ২ এর পাতায় দেখুন।

বরিশাল স্কাউটে অনিয়মের অভিযোগের তদন্ত শুরু, সাক্ষ্য গ্রহণ

কীর্তনখোলা রিপোর্ট
বাংলাদেশ স্কাউট বরিশাল আঞ্চলিক কার্যালয়ের অনিয়ম, অর্থ তরুণ আর নারী কল্যাণের অভিযোগ খতিয়ে দেখতে গঠিত তদন্ত কমিটি কাজ শুরু করেছে। শনিবার (১৮ এপ্রিল) বরিশাল কার্যালয়ে গিয়ে অভিযোগকারী দুজনের সাক্ষ্য গ্রহণ করেছেন তাঁরা। এ ছাড়া ক্ষুদ্র আরও তিন-চারজনের মৌখিক মন্তব্য নিয়েছে তদন্ত টিম। জানা গেছে, সকাল ১০টায় নগরের রূপাতলীর স্কাউট বরিশাল আঞ্চলিক ২ এর পাতায় দেখুন।



সারাদেশে বজ্রপাতে নিহত ১২

কীর্তনখোলা ডেস্ক
দেশের ছয় জেলায় বজ্রপাতে অন্তত ১২ জনের মৃত্যু হয়েছে। শনিবার (১৮ এপ্রিল) দুপুরে নেত্রকোণা ১ জন, ময়মনসিংহে ২ জন, রংপুরে ২ জন, হবিগঞ্জে ১ জন, কিশোরগঞ্জে ১ জন ও সুনামগঞ্জে ৫ জনসহ পৃথক বজ্রপাতের ঘটনায় মোট ১২ জনের প্রাণ গেছে। নেত্রকোণার আটপাড়া উপজেলায় হাওরে গরুর জন্য ঘাস কাটতে গিয়ে বজ্রপাতে আলতু মিয়া (৬৫) নামের এক কৃষকের মৃত্যু হয়েছে। উপজেলার সুখারী ইউনিয়নের হাতিয়া গ্রামের সামনের হাওরে দুপুর ১টার দিকে এ দুর্ঘটনা ঘটে। আলতু মিয়া হাতিয়া গ্রামের মৃত লাল মিয়া ছিলেন। স্থানীয় সূত্রে জানা গেছে, দুপুরে ঘাস কাটার সময় হঠাৎ বৃষ্টিসহ বজ্রপাত শুরু হলে তিনি সেখানে পড়ে যান। পরে বৃষ্টি থামলে স্থানীয়রা তার মরদেহ দেখতে পান। আটপাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. জুবায়দুল ২ এর পাতায় দেখুন।

হামের উপসর্গে আরও ৪ শিশুর মৃত্যু, সন্দেহজনক শনাক্ত ৯৪২

কীর্তনখোলা ডেস্ক
দেশে গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে আরও চার শিশুর মৃত্যু হয়েছে। এই সময়ে নিশ্চিত হামে কোনো মৃত্যু নেই। শনিবার স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইটে সর্বশেষ প্রতিবেদনে এই তথ্য জানানো হয়েছে। এই হিসাব গুরুবার সকাল ৮টা থেকে শনিবার সকাল ৮টা পর্যন্ত। সরকারের তথ্য অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় নিশ্চিত হাম শনাক্ত হয়েছে ৮৬ জনের। গত ১৫ মার্চ থেকে ১৮ এপ্রিল পর্যন্ত হাম শনাক্ত হয়েছে ৩ হাজার ২৭৮ জনের। গত ২৪ ঘণ্টায় সন্দেহজনক হাম রোগীর সংখ্যা ৯৪২ জন। এর মধ্যে ২ এর পাতায় দেখুন।

রাজাপুরে প্রবাসীর মেয়ের বুলন্ত মরদেহ উদ্ধার

রাজাপুর প্রতিনিধি
বালকাটির রাজাপুর উপজেলায় এক প্রবাসীর মেয়ের বুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। শনিবার (১৮ এপ্রিল) সকালে উপজেলার মঠবাড়ী ইউনিয়নের বাগড়ি এলাকার একটি ভাড়া বাসা থেকে ওই মরদেহ উদ্ধার করা হয়। নিহত আফছানা আক্তার মিম (১৮) কাঠালিয়া উপজেলার আওরাবুলিয়া এলাকার সৌন্দিল্লবাসী মো. আলমগীর হোসেনের মেয়ে। তিনি দীর্ঘদিন ধরে মায়ের সঙ্গে রাজাপুর উপজেলার বাগড়ি এলাকার ভাড়া বাসায় বসবাস করতেন। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, গুরুবার দিবাগত রাত্রে মা-মেয়ে নিজ নিজ কক্ষে ঘুমাতো যান। শনিবার সকাল ২ এর পাতায় দেখুন।

নিজের বিয়ে বন্ধে থানায় এসএসসি পরীক্ষার্থী

জিয়ানগর প্রতিনিধি
পিরোজপুরের জিয়ানগরে নিজের বালাবিয়ে রুখতে থানায় আশ্রয় নিলেন এক স্থল শিক্ষার্থী। পরে বালাবিয়ে না দেওয়ার মূল্যে দাবি নিয়ে ওই ছাত্রীকে পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে বলে পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে। শনিবার (১৮ এপ্রিল) উপজেলার চাড়াখালী গ্রামে এই ঘটনা ঘটে। এই ঘটনায় আলোচনায় আসা তাহমিনা আক্তার উপজেলার সরকারি সেতুরা স্মৃতি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের এসএসসি পরীক্ষার্থী বলে জানা গেছে। স্থানীয় সূত্রে জানা যায়, গুরুবার উপজেলার চাড়াখালী গ্রামের আলম হাওলাদার তার মেয়ে তাহমিনা আক্তারকে প্রবাসী এক ছেলের সঙ্গে বিয়ে দিতে বাড়িতে ব্যাপক আয়োজন করেন। তবে বালাবিয়েতে অমত ছিল তাহমিনার। তাই সে বাড়ি থেকে প্রাইভেট পড়ার কথা ২ এর পাতায় দেখুন।

প্রবীণ শিক্ষক মনিন্দ্র চন্দ্র আর নেই

কীর্তনখোলা রিপোর্ট
উজিরপুর পৌরসভার তিন নম্বর ওয়ার্ডের বাসিন্দা, শ্রীগুরু সংঘের প্রবীণ গুরুভাতা, উজিরপুর শাখা সংঘের সাবেক সহ সভাপতি, প্রাথমিক বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত শিক্ষক, উজিরপুর কেন্দ্রীয় কীর্তন কমিটির প্রবীণ সদস্য মনিন্দ্র চন্দ্র মন্ডল (৮০) পরগোকপন করেছেন। গতকাল শনিবার ১৮ এপ্রিল উজিরপুর শিব বাড়িতে তার মৃত্যু হয়। মৃত্যুকালে তিনি স্ত্রী ২ এর পাতায় দেখুন।

এসএসসি পরীক্ষাকেন্দ্রের ২০০ গজের মধ্যে জনসাধারণের প্রবেশ নিষেধাজ্ঞা

কীর্তনখোলা ডেস্ক
আসন্ন এসএসসি ও সমমান পরীক্ষার কেন্দ্রগুলোর ২০০ গজের মধ্যে পরীক্ষার্থী ছাড়া জনসাধারণের প্রবেশ নিষেধাজ্ঞা আরোপ করেছে চাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)। শনিবার (১৮ এপ্রিল) ডিএমপি কমিশনার (ভারপ্রাপ্ত) মো. সরওয়ার শাফকরিজ এক আদেশে এ নিষেধাজ্ঞা জারি করা হয়। এতে বলা হয়, ২০২৬ সালের ২ এর পাতায় দেখুন।

শত শত শিশুকে শিক্ষক, সক্ষম বাংলায় প্রয়োগ বাংলা জ্ঞানপত্রিত ও ব্যাকরণবিশিষ্ট বরিশাল সরকারি প্রাইমারি স্কুলে, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মন্ত্রণালয় শিক্ষাবোর্ডের সাবেক সচিবালয় সচিব

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রস্তুতকারকের জিভিত্তি সচিব, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিধিদের প্রধান পক্ষীয়ক, সরকারি আইনদারবাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সুনামশীল গ্রন্থ প্রণেতা

পৃথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাবে

বুক ভিন্দা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি পাটগাতি, সদর রোড, বরিশাল 01711-264963	অব্দের লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অব্দের লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ পাটগাতি, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি হাটগাতি, সদর রোড, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি হাটগাতি, সদর রোড, বরিশাল 01719-408049	নিক কলেজ লাইব্রেরি বিএন পল্লীর কাছে, বরিশাল 01726-074663	হক লাইব্রেরি বিএন পল্লীর কাছে, বরিশাল 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বিএন পল্লীর কাছে, বরিশাল 01717-488083



বরিশালে দেশীয় সাংস্কৃতিক সংসদের শিল্পী সমাবেশ

কীর্তনখোলা রিপোর্ট
দেশীয় সাংস্কৃতিক সংসদের বরিশাল অঞ্চল বৈঠক ও শিল্পী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। গুরুবার সকাল ১০ টায় বরিশাল বিভাগীয় গণপ্রজাতন্ত্রী মিলনায়তনে সাংস্কৃতিক দায়িত্বশীল সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন দেশীয় সাংস্কৃতিক সংসদের কেন্দ্রীয় সভাপতি অধ্যাপক সাইফুল্লাহ মান্নান। দেশীয় সাংস্কৃতিক সংসদ বরিশাল অঞ্চলের তত্ত্বাবধায়ক কলামিস্ট ইয়াসিন মাহমুদের সভাপতিত্বে এবং পরিচালক আয়াদ আল্লাউল্লীনের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বরিশাল অঞ্চলের অন্যতম উপদেষ্টা অধ্যাপক মো. শাহে আলম। এতে বরিশাল বিভাগের ৬ জেলা ও বরিশাল মহানগর শাখা দেশীয় সাংস্কৃতিক সংসদের সভাপতি, সেক্রেটারি ও সাংগঠনিক সম্পাদকগণ অংশগ্রহণ করেন। বিকো ৩টায় একই স্থানে বরিশাল মহানগর ও জেলা শাখা আয়োজিত শিল্পী সমাবেশ অনুষ্ঠিত হয়। দেশীয় সাংস্কৃতিক সংসদের বরিশাল মহানগর শাখা সভাপতি মুহাম্মদ আতিকুল্লাহ-এর সভাপতিত্বে ২ এর পাতায় দেখুন।

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যিক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **বালকাটি জেলা:** নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, বাউফল, আমতলী, ভোলা জেলা: তাজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাজিরপুর, নেছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যিক। গ্রাহ্যকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। অগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

—মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

মম্মাদকায়ী **প্রয়োজনীয় প্রস্তুতি নিতে হবে** মধ্যপ্রাচ্যের যুদ্ধকে কেন্দ্র করে ইরানের হরমুজ প্রণালি দিয়ে জ্বালানি তেল পরিবহন প্রায় বন্ধ হয়ে যায়। ফলে বিশ্বব্যাপী জ্বালানিসংকট তীব্র আকার ধারণ করে। এর মধ্যেও ইরান কিছু দেশের তেলবাহী ট্যাংকার চলাচলের অনুমতি দিয়ে যাচ্ছিল। এবার হরমুজ প্রণালির মুখে ওমান উপসাগর ও আরব সাগরে অবরোধ আরোপ করে যুক্তরাষ্ট্র। ফলে হরমুজ হয়ে আসা প্রায় সব জাহাজ চলাচল বন্ধ হয়ে যায়। এতে তেলের দাম আবারও বেড়ে গেছে। ব্রেক্ট অপরিশোধিত তেলের প্রতি ব্যারেলের দাম ১০০ ডলারের ওপরে ওঠানোয় করছে। এর চেয়ে বড় কথা, সরবরাহ সংকটের কারণে বাংলাদেশসহ মধ্যপ্রাচ্যের তেলের ওপর নির্ভরশীল দেশগুলো চরম বিপদে পড়ছে। বাংলাদেশে জ্বালানি তেলের এই সংকট মোকাবেলায় সরকার নানা ধরনের পদক্ষেপ নিচ্ছে। বিকল্প বিদ্যুত উৎস থেকে তেল আমদানি বাড়িয়েছে। অপরিশোধিত তেলের বদলে পরিশোধিত তেল আমদানি করছে। এতে আমদানি খরচ অনেক বেড়ে গেছে। বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, আগামী জুন পর্যন্ত তেল, গ্যাস ও বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রাখতে প্রায় ৭০ থেকে ৭৫ হাজার কোটি টাকার ভর্তুকি প্রয়োজন। তার পরও পরিস্থিতি মোকাবেলায় তা সরাতেই হবে। চাপ সামলা দিতে বিদ্যুতের পাইকারি ও খুচরা দাম সমন্বয়ের উদ্যোগ নিলো সরকার। এ পক্ষে অর্থমন্ত্রীকে আহ্বান করে একটি উচ্চ পর্যায়ের মন্ত্রিসভা কমিটি গঠন করা হয়েছে। সরকার সিদ্ধান্তে এরই মধ্যে অফিস সময় এক ঘন্টা কমানো এবং দোকানপাট বন্ধের সময়সীমা বেঁচে দেওয়া হয়েছে। এছাড়াও অর্থের জোপান নিশ্চিত করতে ব্যা় সরকার উদ্যোগ নেওয়া হয়েছে। সরকারি গাড়ি কেনা, গাড়িতে জ্বালানি ব্যবহার, বিদেশে প্রশিক্ষণসহ ৯টি ক্ষেত্রে সরকারের পরিচালন ব্যয় কমিয়ে পরিপূর্ণ জারি করেছে মন্ত্রিপরিষদ বিভাগ। এগুলো হলো সরকারি গাড়িতে মালিক ভিভিতে সন্মানকৃত জ্বালানির ব্যবহার ৩০ শতাংশ হ্রাস করতে হবে; সরকারি কর্মকর্তাদের গাড়ি ক্রয়ের জন্য সুদমুক্ত ঋণ দেওয়া এবং সরকারি অর্থদানে সব বৈদেশিক প্রশিক্ষণ বন্ধ থাকবে; প্রশিক্ষণ ব্যয় ছাড়া অভ্যন্তরীণ প্রশিক্ষণ ব্যয় ৫০ শতাংশ হ্রাস করতে হবে; সভা বা সেমিনারে আয়োজন ব্যয় ৫০ শতাংশ হ্রাস করতে হবে এবং সেমিনার বা কনফারেন্স ব্যয় ২০ শতাংশ হ্রাস করতে হবে; ভ্রমণ ব্যয় ৩০ শতাংশ হ্রাস করতে হবে; সরকারি খাতে গাড়ি, জলযান, আকাশযান এবং কম্পিউটার ক্রয় শতভাগ হ্রাস করতে হবে ইত্যাদি। অন্যদিকে সরকার পর্যায় মঞ্জুরের কথা বললেও বিভিন্ন ক্রিলিং স্টেশনে দীর্ঘ সারি দেখা যাচ্ছে। অনেক কেমিনারে চালিদার তুলনায় কম তেল সরবরাহের অভিযোগ রয়েছে। বিশ্লেষকদের মতে, সরবরাহ ঘাটতির পাশাপাশি অবৈধ মজুদ ও কৃত্রিম সংকট পরিস্থিতিতে জটিল করছে। কোথাও কোথাও বেশি দাম তেল বিক্রির অভিযোগও রয়েছে। এমনকি মুদি দোকানেও ক্যান বা বোতল ভর্তি তেল বেশি দামে বিক্রি হতে দেখা যায়। মধ্যপ্রাচ্য সংকট কত দিন স্থায়ী হবে, তা বলা কঠিন। তাই জ্বালানিসংকট মোকাবেলায় দীর্ঘ প্রস্তুতি থাকা জরুরি বলে মনে করছেন বিশেষজ্ঞরা। বিকল্প উৎস থেকে সঞ্ছদ বাড়ানো, পাশাপাশি তেলের বিক্রয় ব্যবস্থাপনা উন্নত করতে হবে। একই সঙ্গে মজুদদারি ও অবৈধ তেল বিক্রির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে হবে।

রাজাপুরে প্রবাসীর মেয়ের

সাড়ে ডটান দিকে মিমের মা মরিয়ম বেগম মেয়ের কপের দরজা তক্তর থেকে বন্ধ দেখতে পান। অনেক ডাকাডাকি করেও কোনো সাড়া না পেয়ে পায়ের জালানো দিয়ে উঁকি দিলে মেয়েকে ঘরের সিঁিং ফ্যানের সঙ্গে ঝুলন্ত অবস্থায় দেখতে পান। পরে তার চিৎকারে আশপাশের লোকজন ছুটে এসে পুলিশকে খবর দেয়। মিমের মা মরিয়ম বেগম বলেন, রাতে সবকিছু স্বাভাবিকই ছিল। সকালে অনেক ডাকাডাকি করেও কোনো সাড়া না পেয়ে জানানো দিয়ে দেখি আমার মেয়ে ঝুলে আছে। খবর পেয়ে রাজাপুর থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে দরজা ভেঙে মরমেই উদ্ধার করে। রাজাপুর থানার পরিদর্শক (তদন্ত) আব্দুল মালেক বলেন, স্বজনদের আবেদনের পরিস্থিতিতে মরমেই তাদের কাছে হস্তান্তরের প্রক্রিয়া চলমান রয়েছে। এ বিষয়ে একটি অপমৃত্যুর মামলা করা হবে।

বর্তমান বিশ্বে গণতন্ত্র ছাড়া উন্নয়নের

মতবিশেষের সভা শেষে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। হাফিজ উদ্দিন আহমেদ বলেন, ২০২৪ এর আন্দোলন সারা বিশ্বের দৃষ্টি কেড়েছে। সারা বিশ্বের দৃষ্টি ছিল বাংলাদেশের দিকে। গত ১৬ থেকে ১৭ বছরের গুম-খুন থেকে আমরা মুক্ত। আমি আশা করছি বর্তমান প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে বর্তমান সরকার দেশের মানুষের জন্য সুখ ও সমৃদ্ধি বয়ে নিয়ে আসবে। আমি আশা করছি দল মত নির্বিশেষে সুশাসন প্রতিষ্ঠিত করবে তিনি আরও বলেন, রাজনীতিক মতাদর্শের কারণে দেশের মানুষের যেমন ক্ষতি না হয় সেটাই আমরা চাই। মধ্যপ্রাচ্যের যুদ্ধ পরিস্থিতির কারণে জনজীবনে সংকট নেমে এসেছে। আশা করি এই সংকট কেটে যাবে। স্পিকার বলেন, সাবেক স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীকে বিচার বিভাগ জামিন দিয়েছে। আমি মনে করি একটা ভালো কাজ হয়েছে। তিনি একজন নারী স্পিকার ছিলেন। তার জামিন অবশ্যই বিচার-বিশেষণ করেই দিয়েছে। এসময় ভোলা জেলা প্রশাসক ড. শামীমা রহমান, পুলিশ সুপার মো. শহীদুল্লাহ কাওছারসহ প্রমুখরা উপস্থিত ছিলেন।

এইচএসসি পরীক্ষা পেছাচ্ছে

পরীক্ষা পেছানো হলে সভাব্য কী ধরনের সমস্যা তৈরি হবে, তা নিয়েও আলোচনা হয়। তিনি আরও জানান, আলোচনা ও সবার মতামত শোনার পর শিক্ষামন্ত্রী পরীক্ষা প্রায় এক মাস পিছিয়ে ২ জুলাই থেকে শুরু করার নির্দেশনা দেন। সে অনুযায়ী পূর্ণাঙ্গ সময়সূচি (কাটন) তৈরি এবং শিগগির প্রকাশের ব্যবস্থা নিতেও নির্দেশনা দেন মন্ত্রী। গত ২৯ মার্চ শিক্ষা মন্ত্রণালয়ে বোর্ড চেয়ারম্যানদের সঙ্গে অনুষ্ঠিত এক বৈঠকে ৭ জুন থেকে এইচএসসি ও সমমান পরীক্ষা শুরু করার নির্দেশনা দিয়েছিলেন শিক্ষামন্ত্রী। সে অনুযায়ী এপ্রিলের প্রথম সপ্তাহে পূর্ণাঙ্গ কলিন তৈরি করে মন্ত্রণালয়ে জমা দেয় বোর্ডগুলো। তবে পরীক্ষার্থী ও অভিভাবকদের অপতিসহ নানা কারণে সেই সিদ্ধান্তে পরিবর্তন আনা হয়েছে।

হাদি হত্যাকাণ্ড: অস্ত্র বিক্রেতা

হাদি হত্যাকাণ্ডে ব্যবহৃত অস্ত্রের বিক্রেতা মাজেদুল হক ওরফে হেলাল আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছেন। শনিবার (১৮ এপ্রিল) তিনদিনের রিমাড শেষে তাকে আদালতে হাজির করে তার জবানবন্দি রেকর্ড করা হয়। মামলার তদন্ত কর্মকর্তা সিআইডির সহকারী পুলিশ সুপার আবদুল কাদির ভূঞা হেলালের জবানবন্দি গ্রহণের আবেদন জানান। কনানি শেষে ঢাকা রো মেন্ট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আরিফুল ইসলাম তার স্বীকারোক্তিক নথিভুক্ত করেন। পরে তাকে কারাগারে পাঠানো হয়েছে বলে জানিয়েছেন প্রসিকিউশন বিভাগের উপ-পরিদর্শক রুকমঞ্জুমান। এর আগে গত ১৫ এপ্রিল আদালত হেলালকে তিনদিনের রিমাডে পাঠায়। তিনি চট্টগ্রামের ‘হামিদুল হক আসিস আফ কো’ নামে একটি অস্ত্র বিক্রির দোকানের মালিক। গত ১৪ এপ্রিল নগরীচর চকজ্ঞার থানার হারুজ শাহ মাজার শরন এলাকা থেকে তাকে গ্রেফতার করে পুলিশের গোয়েন্দা বিভাগ (ডিবি)। জুলাই গণঅভ্যুত্থান ও আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধের দাবিতে আন্দোলনের সময় পরিচিতি পাওয়া শরিফ ওসমান হাদি ক্রোয়াদশ জাতীয় সংসদ নির্বাচনে ঢাকা-৮ আসন থেকে স্বতন্ত্র প্রার্থী হওয়ার ঘোষণা দিয়েছিলেন। তরুসিল ঘোষণার পরদিন গত ১২ ডিসেম্বর বিজয়নগর এলাকার গণসমাবেশে গেলে দুর্বৃত্তের গুলিতে গুরুতর আহত হন তিনি। মাথায় গুলিবদ্ধ অবস্থায় তাকে প্রথমে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হয় এবং অস্ত্রোপচাচারের পর উন্নত চিকিৎসার

জন্য ঢাকার এভারকেয়ার হাসপাতালে ভর্তি করা হয়। পরে এয়ার অ্যাম্বুলেন্সে সিন্সাপুরে নেওয়া হলে সেখানে চিকিৎসাধীন অবস্থায় ১৮ ডিসেম্বর তার মৃত্যু হয়। ঘটনার পর ১৪ ডিসেম্বর ইনকিলাব মঞ্চের সদস্য সচিব আব্দুল্লাহ আল জাবের হত্যাকােষ্টা মামলা করেন। পরে মামলাটিতে হত্যা (৩০২) ধারা সংযুক্ত করা হয়। প্রথমে থানা পুলিশ তদন্ত করলেও পরে ডা ডিবির কাছে হস্তান্তর করা হয়। তদন্ত শেষে গত ৬ জানুয়ারি সাবেক ওয়ার্ড কাউন্সিলর তাইজুল ইসলাম চৌধুরী বাপ্পি ও সাবেক ছাত্রলীগ কর্মী ফয়সাল করিম মাসুদসহ ১৭ জনকে আসামি করে অভিযোগপত্র দেয় ডিবি। তবে অভিযোগপত্রের বিরুদ্ধে আপত্তি জানিয়ে ১৫ জানুয়ারি আদালতে নারাজি আবেদন করেন মামলার বাদী। আদালত আবেদন গ্রহণ করে অধিকতর তদন্তের জন্য মামলাটি পুলিশের অপরায় তদন্ত বিভাগে (সিআইডি) হস্তান্তরের নির্দেশ দেন। সংশ্লিষ্টরা বলছেন, হেলালের জবানবন্দি এই বহুল আলোচিত হত্যাকাণ্ডের তদন্তে নতুন দিক উন্মোচন করতে পারে।

সংসদে মন্ত্রীদের কথা শুনলে

মন্ত্রীরা যখন সংসদে কথা বলেন, তখন তাদের কথায় দেশে কোনো সমস্যা খুঁজে পাওয়া যায় না।কিন্তু আমরা যখন সমাজের কাছে যাই, তখন দেখি মমস্যার পাহাড় জমে আছে। শনিবার (১৮ এপ্রিল) বেলা সাড়ে ১১টায় রাজধানীর বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউটে হামে আক্রান্ত শিশুদের পরিদর্শন শেষে সাংবাদিকদেরের তিনি এ কথা বলেন। জামায়াত আমির বলেন, দেশে সবচেয়ে প্রাধান্য পাওয়ার কথা দুটি খাত হলো শিক্ষা এবং স্বাস্থ্যখাত। কিন্তু আমাদের দেশে এই দুই খাতই সবচেয়ে বেশি অবহেলিত। আমরা সংসদে প্রশ্ন করে জানতে চেয়েছিলাম, দেশে পর্যাপ্ত আইসিইউ আছে কিনা। তাদের পক্ষ থেকে বলা হয়েছে, আছে। অথচ আমি মিক্সড চিকিৎসক হিসেবে সাক্ষ্য দিছি, বাংলাদেশের বেশিরভাগ হাসপাতালে আইসিইউ-এর অভিত্বই নেই। আইসিইউ হেননটেম্ন করতে হলে আগে আইসিইউ রিসোর্স পারসনেল প্রশিক্ষিত করতে হবে, যাদের ক্রিটিক্যাল কেয়ার স্পেশালিস্ট বলা হয়। সেই ব্যবস্থাটিই বাংলাদেশে গড়ে তোলা হয়নি। শফির রহমান বলেন, বাংলাদেশ জামায়াতে ইসলামী সদনী নিজেরের সাধা অনুযায়ী সামাজিক কার্যক্রম পরিচালনা করে গেলো। আমরা সব রাজনৈতিক দলের প্রতি অনুরোধ জানাছি, আপনারাও মানুষের জন্য কাজ করুন। এই হাসপাতালটিতে সারা দেশ থেকে শিশুরা চিকিৎসা নিতে আসে। কিন্তু এখানে পর্যাপ্ত সেবা দেওয়ার মতো প্রয়োজনীয় যন্ত্রপাতির ব্যবস্থা নেই। আগে সরকার এ হাসপাতালের জন্য ৩০ কোটি টাকা বাজেট প্রদান করত, কিন্তু গত বছর থেকে তা কমিয়ে ২৮ কোটি টাকা করা হয়েছে, যা দুঃখজনক। যুগের সঙ্গে ও চাহিদা অনুযায়ী বাজেট বৃদ্ধি পাওয়ার কথা, কিন্তু তা কেন কমানো হয়েছে? আমরা সরকারের প্রতি অনুরোধ জানাই, আপনারা এ শিশু হাসপাতালটির দিকে বিশেষ নজর দিন। কারণ শিশুরাই আমাদের আগামী দিনের ভবিষ্যৎ। শিশু হাসপাতাল সূত্রে জানা যায়, বর্তমানে এখানে ৬৪ জন হামের রোগী ভর্তি আছে এবং গত ২৪ ঘণ্টায় নতুন করে ১৩ জন শিশু ভর্তি হয়েছে। এছাড়া গত ১৫ মার্চ থেকে হাম ও হাম সন্দেহে ১০ জন শিশু মারা গেছে এখনো।

সার্ক পুনরুজ্জীবিত করা

রহমান। তুরকে আনাতালিয়া ডিপ্লোমেসি ফোরামে মন্ত্রী পর্যায়ের এক প্যানেল আলোচনায় এ কথা জানান তিনি। খলিলুর রহমান সার্ক প্রতিষ্ঠায় শহীদ রঐপতি জিয়াউর রহমানের মূল অবদানের কথা স্মরণ করেন। তিনি বলেন, সার্ক পুনরুজ্জীবিত করা প্রধানমন্ত্রী তারেক রহমানের পররাষ্ট্র নীতির একটি অন্যতম প্রধান লক্ষ্য। প্যানেল আলোচনায় পাকিস্তানের উপ-প্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী ইসহাক দার এবং আফগানিস্তানের পরিবহনমন্ত্রী আজিজ অংশ নেন। প্যানেল সম্মত হয়েছে যে, দক্ষিণ এশীয় অঞ্চলে সহযোগিতার অপর সম্ভাবনা রয়েছে, সংগাপ এবং কুটনীতি এই অঞ্চলের দেশগুলোর মধ্যে সহযোগিতার বাধ্যঙলো অতিক্রম করার একমাত্র উপায়।

পেশাগত উৎকর্ষতার পাশাপাশি

উপদেশ ও আন্তরিক ব্যবহারও একজন রোগীর কাছে শুধুদের মতো কাজ করে। ফলে একজন চিকিৎসকের জন্য পেশাগত উৎকর্ষতার পাশাপাশি মানবিক মানুষ হয়ে ওঠাও জরুরি। শনিবার (১৮ এপ্রিল) রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার (ইউএইচএফপিও) ঢাকা সম্মেলনে যোগ দিয়ে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। যে কোনো পেশার মানুষের চেয়ে চিকিৎসা পেশার ভূমিকা সবচেয়ে বেশি এবং গুরুত্বপূর্ণ মন্তব্য করে প্রধানমন্ত্রী বলেন, এমন বাস্তবতায় আজকের উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তাদের এই সম্মেলন অবশ্যই তাৎপর্যপূর্ণ। তিনি বলেন, বর্তমান সরকার ‘স্বাস্থ্যস্ত্রের বাংলাদেশ’ গড়তে চায়। জাতীয় নির্বাচনে আগে আমরা জনগণের কাছে স্বাস্থ্যনীতির রূপরেখা তুলে ধরেছিলাম। চিকিৎসা ব্যবস্থাপনায় বর্তমান সরকারের নীতি হচ্ছে, প্রিভেনশন ইজ বটোর দ্যান কিউর ,প্রতিকারের চেয়ে প্রতিরোধ উত্তম। আমরা যদি রোগের শুরুতেই রোগ প্রতিরোধের ব্যবস্থা নিতে পারি তাহলে রোগের বিস্তার মোকাবিলা সম্ভব। আমাদের এই নীতি বাস্তবায়নে উপজেলা উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তাদের ভূমিকা অনস্বীকার্য। তারেক রহমান বলেন, দুঃখজনক হলেও সত্য, বর্তমানে বিশেষজ্ঞ চিকিৎসক, বিশেষজ্ঞ হাসপাতাল অথবা উন্নত ল্যাব প্রায় সবকিছই শহর কেন্দ্রিক কিংবা আরও সুনির্দিষ্ট করতে বলতে গেলে সবকিছই রাজধানীকেন্দ্রিক। এমন বাস্তবতা থেকে বেরিয়ে এসে যদি আমরা জেলা উপজেলাভিত্তিক হাসপাতাল কিংবা ক্লিনিকগুলোর মাধ্যমে উন্নত চিকিৎসা নিশ্চিত করতে পারি, তাহলে বিশেষজ্ঞ চিকিৎসকরা যেমন জেলা উপজেলায় চিকিৎসা সেবা দিতে স্বাচ্ছন্দ্যবোধ করবেন, অপরদিকে রোগীদেরকেও শারীরিক এবং আর্থিকভাবে আরও কষ্ট করে ঢাকামুখী হতে হবে না। শহর এবং গ্রামাঞ্চলের মধ্যে স্বাস্থ্যসেবা প্রাপ্তির ক্ষেত্রে বৈষম্য দূর করা বর্তমান সরকারের অন্যতম অগ্রাধিকার। তিনি বলেন, বৈষম্য দূর করে স্বাস্থ্য সেবার বিকেন্দ্রীকরণের লক্ষ্যে আমরা ইতোমধ্যেই পদক্ষেপ গ্রহণ এবং বাস্তবায়নের কাজ শুরু করেছি, যদিও এটি একমাস কিংবা একবছরেই বাস্তবায়ন সম্ভব নয়। বিভিন্ন পরিসংখ্যান এবং স্বাস্থ্য বিশেষজ্ঞরা বলছেন, দেশের মোট মৃত্যুর ৭১ পারসেন্ট অসংক্রামক রোগের কারণে হয়ে থাকে। সংক্রামক রোগ প্রতিরোধে উপযুক্ত সচেতনতা সৃষ্টি করার পাশাপাশি অসংক্রামক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণে ইতোমধ্যে প্রবীত ‘যৌথ ঘোষণা’ বাস্তবায়নে কাজ শুরু হয়েছে। সাম্প্রতিক বছরগুলোতে পরিবেশগত বিপর্যয় ও জলবায়ু পরিবর্তনের অভিঘাতের কারণে সংক্রামক রোগের পাশাপাশি অসংক্রামক রোগ যেমন শ্বাসকষ্ট, স্ট্রোক, হৃদরোগ ইত্যাদি স্বাস্থ্য ব্যবস্থাপনার ওপর নিত্য নতুন চ্যালেঞ্জ সৃষ্টি করেছে। এসব কারণে উপজেলা পর্যায়েই গুরুত্বসহকারে ডায়ালিসিস ও উচ্চ রক্তচাপের মতো অসংক্রামক রোগের ক্লিনিং নিয়ন্ত্রিত করা প্রয়োজন। জীবনযাপনের ধরন পরিবর্তন করার ব্যাপারে জনগণের মধ্যে সচেতনতা তৈরি করা জরুরি। আমার কাছে মনে হয়, ভেজাল এবং পুষ্টি সচেতন খাদ্য নিশ্চিত করা শহরের চেয়ে জেলা উপজেলা পর্যায়ে বেশি সম্ভব। মনে রাখা দরকার, প্রতিরোধ ব্যবস্থাপনার জগত্বাস্থ্য সরকার মৌলিক ভিত্তি। প্রধানমন্ত্রী বলেন, বিনোদন সরকারি বিশ্বাস করে ইউএইচএফপিও অর্থাৎ উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তারা বাংলাদেশের স্বাস্থ্যব্যবস্থার মূল চালিকাশক্তি। মানসম্মত চিকিৎসাসেবা সারাবর্ষ মাসেই সরোগেড়াই পৌঁছে দেওয়ার কর্মযজ্ঞে উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা এবং সদস্যরা প্রথম সারির যোদ্ধা। হেলথ কেয়ার ম্যানেজমেন্ট এবং হেলথ কেয়ার

অ্যাডমিনিস্ট্রেটিভ ম্যানেজমেন্ট’ এর একটি অপরটির সঙ্গে অঙ্গাঙ্গিভাবে জড়িত।

সারাদেশে বজ্রপাতে নিহত

আলম ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। অপরদিকে, ময়মনসিংহের গৌরীপুরে ধান কাটতে গিয়ে বজ্রাঘাতে রহমত আলী (উজ্জ্বল) নামের এক কৃষকের মৃত্যু হয়েছে। দুপুরে উপজেলার ২ নং গৌরীপুর ইউনিয়নের বায়রাউড়া গ্রামে ধান কাটার সময় এ ঘটনা ঘটে। হঠাৎ বজ্রসহ বৃষ্টি শুরু হলে মাঠে কাজ করা অবস্থায় তিনি আহত হন। স্থানীয়রা তাকে উদ্ধার করতে গেলে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। এদিকে, রংপুরের মিঠাপুকুর উপজেলায় একটি মৎস্য খামারে মাছ ধরার সময় বজ্রাঘাতে দুই ব্যক্তি নিহত হয়েছেন। আহত হয়েছেন অন্তত ১২ জন, যাদের মধ্যে শিশুও রয়েছে। উপজেলার বড় হযরতপুর ইউনিয়নের সখীপুর গ্রামে দুপুরে এ ঘটনা ঘটে। নিহতরা হলেন- মিলন মিয়া (৩৫) ও আবু তালেব (৬৫)। প্রত্যক্ষদর্শীরা জানান, খামারের পুকুরে জাল দিয়ে মাছ ধরতে গিয়েছিল। হঠাৎ বজ্রপাত হলে পুকুরে থাকা জেলে ও পাড়ের দর্শনাধীরা দম্ভ ও আহত হন। আহত তিনজনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাদের রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। অপরদিকে, সুনামগঞ্জে তাহিরপুর, জামালগঞ্জ, ধর্মপাশা ও নিরহাউ উপজেলায় বজ্রপাতে পাঁচ কৃষকের মৃত্যু হয়েছে। দিহতরা হলেন- ধর্মপাশার হাবির রহমান (৩০) ও রহমত উল্লা (১৫), জামালগঞ্জের নাজমুল হোসেন (২৬), তাহিরপুরের আবুল কালাম (২৫) ও দিরাইয়ের লিটন মিয়া (৩০)। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, দুপুরে হঠাৎ ঝড়বৃষ্টি শুরু হলে হাওরে ধান কাটতে গিয়ে এসব প্রাণহানি ঘটে। প্রতিটি উপজেলায় আইনি প্রক্রিয়া শেষে মরমেই পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে। অন্যদিকে নিম্নেণের হবিগঞ্জে ও কিশোরগঞ্জে একজন করে নিহত হয়েছেন। এদিকে চলমান মৌসুমে বজ্রপাতের ঝুঁকি বৃদ্ধি পাওয়ায় কৃষকদের খোলা মাঠে না যাওয়ার পরামর্শ দিয়েছে প্রশাসন। নিহত প্রতিটি পরিবারকে আর্থিক সহযোগিতার আশ্বাস দেওয়া হয়েছে।

ভোলায় প্রবাসীর স্ত্রীকে

নিহত নাছিমা বেগম ওই এলাকার সংযুক্ত আরব আমিরাত প্রবাসী মো. আল-আমীন মিয়া স্ত্রী। আহত ১০ বছর বয়সী আবির হোসেন ভোলা ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন। ব্যাটিক্রিহাদ (২৩) স্থানীয় সাবেক ইউপি সদস্য প্রয়াত মো. জামালউদ্দিনের ছেলে। আহত শিশু আবিরের বরাতে পুলিশ জানায়, রাতে অন্ধকার ঘরে ঘুমন্ত অবস্থায় মোবাইলের স্ক্র্যানলাইট জ্বালিয়ে নাছিমা বেগমকে ধারালো অস্ত্র দিয়ে এলাপোড়িতে কোপানো হয়। এ সময় নিহতের সন্তানকেও হতের চেষ্টা করা হলে, সে মারা যাওয়ার ভান করে পড়ে থাকে। পরে তার মৃত ভেবে হামলাকারী পালিয়ে যায়; তবে মোবাইলের আলোতে শিশুটি খুনিকে চিনতে পারে বলে ভাষা পুলিশের। গুসি মনিরুল ইসলাম বলেন, “রাতে ঘটনার পর সকালে সন্দেহভাজন ওই যুবক হাসপাতালে গিয়ে আহত অবিরকে অনুসরণ করতে থাকেন। এ সময় আবির তাকে দেখে চিনতে গিয়ে চিৎকার করে বলে ওঠে, ‘তুই আমার মাকে হামে করে আবার এখানে এসেছিস!’ এ কথা বলার সঙ্গে সঙ্গে ওই যুবক হাসপাতাল থেকে পালিয়ে গন।” পরে আহত আবিরের বর্নণর ভিত্তিতে এদিন দুপুর ১২টার দিকে শিবপুর এলাকা থেকে জাদিদের আটক করা হয় বলে জানান তিনি। ঘটনার খবর পেয়ে পুলিশের আহত শিশুটিকে দেখতে হাসপাতালে যান ভোলা জেলা পুলিশ সুপার মোহাম্মদ কায়েছার আহমেদ। গুসি মনিরুল ইসলাম বলেন, ঘটনার সঙ্গে আরও কেউ জড়িত আছে কি-না, তা তদন্ত করে দেখা হচ্ছে। এ ঘটনায় মামলার প্রকৃতি চলছে।

দীর্ঘ সময় ধরে সংসদ বয়কট

রাজনৈতিক লক্ষ্য অর্জনের চেষ্টা করতে গিয়ে যেন জনগণের অধিকার ক্ষুণ্ণ না হয়, সে বিষয়ে সরকার ও বিরোধী দল উভয়কেই সতর্ক থাকতে হবে। তিনি বলেন, গত ১৬ বছরে দেশে গণতন্ত্রের চর্চা ব্যাহত হয়েছে। গণতন্ত্রের অভাবে হত্যা, গুম, লুটপাট ও রাষ্ট্রীয় সম্পদ বিদেশে পাচারের ঘটনা ঘটেছে। বিগত সময়টি জাতীয় জীবনের জন্য অন্ধকারাচ্ছন্ন ছিল। তবে ছাত্র-জনতার আন্দোলনের মাধ্যমে দেশে গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠিত হয়েছে। এই গণতন্ত্রকে টিকিয়ে রাখতে হবে, যাতে জনগণ আবার নির্বাচনের মাধ্যমে তাদের পছন্দের দলকে বেছে নিতে পারে। সরকারি দলের প্রতি আধারনা জানিয়ে তিনি বলেন, বিরোধী দলকে সংসদে কার্যকর ভূমিকা পালনের জন্য যথাযথ সুযোগ দিতে হবে। একইসঙ্গে তিনি বিরোধী দলের প্রতি দায়িত্বশীল আচরণ করার আহ্বান জানান। স্পিকার বলেন, যারা শ্রেণিসংগঠনের বিরুদ্ধে একসঙ্গে আন্দোলন করেছে, তাদের মধ্যে ঐক্য বজায় রাখা জরুরি। ভবিষ্যতে কোনো শ্রেণিসংগঠন উদ্ভাবন যাতে না ঘটে, সে বিষয়ে সবাইকে সচেতন থাকতে হবে। তিনি বলেন, ১৯৭১ সালে যে স্বপ্ন নিয়ে দেশ স্বাধীন হয়েছিল, তা এখনও পুরোপুরি বাস্তবায়িত হয়নি। তবে সেই স্বপ্ন দ্রুতই বাস্তবায়িত হবে বলে আমরা আশা করি। এ সময় বরিশাল চেম্বার অব কমার্সের সভাপতি এবাদুল্লহ হক চাঁনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় উপস্থিত ছিলেন বরিশাল জেলা প্রশাসক মো. খায়রুল আলম সুমনসহ বিএনপি ও এর অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ।

এসএসসি পরীক্ষাকেন্দ্রের ২০০ গজের

এসএসসি ও এসএসসি (ভোকেশনাল), দাখিল ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা আগামী ২১ এপ্রিল থেকে ঢাকা মহানগরীর বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে অনুষ্ঠিত হবে। যেহেতু কেন্দ্রগুলোতে সূর্য ও শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হওয়া নিশ্চিত করা প্রয়োজন, সেহেতু ঢাকা মেট্রোপলিটন পুলিশ অর্ডিন্যান্স (অর্ডিন্যান্স নং-৩৩৫/১৯৭৬) এর ২৮ ও ২৯ ধারায় অর্পিত ক্ষমতাবলে পরীক্ষা কেন্দ্রসমূহের ২০০ গজের মধ্যে পরীক্ষার্থী এবং পরীক্ষা সংশ্লিষ্ট ব্যক্তি ব্যতীত জনসাধারণের অনধিকার প্রবেশ সম্পূর্ণ নিষিদ্ধ ঘোষণা করছি। এই আদেশ আগামী ২১ এপ্রিল থেকে পরীক্ষা চলাকালীন পর্যন্ত বলবৎ থাকবে।

নিজের বিয়ে বন্ধে থানায়

বলে বের হয়ে ইন্দুরকানী থানায় গিয়ে অভিযোগ করেন। পরে থানার সহযোগিতায় বিয়ে না দেওয়ার মুলেকা দিয়ে তার বাবা তাহমিনাকে বাড়িতে নিয়ে যান। তবে শুক্রবার রাতে পরিবারের পক্ষ থেকে আবারও বিয়ের জন্য মানসিক চাপ সৃষ্টি করা হয়। শনিবার সকালে তাহমিনা আবারও থানায় গিয়ে আশ্রয় নেন। তাহমিনা আক্তার থানার বসে সাংবাদিকদের বলেন, ‘আমাকে যদি আবারও বাড়িতে পাঠান তাহলে আমাকে জোর করে বিয়ে দিতে আমার বাবা। আমার চার দিন পরে এসএসসি পরীক্ষা। আমি পরীক্ষা দিতে চাই এবং লেখাপড়া চালিয়ে যেতে চাই। আমি প্রশাসন ও আপনাদের সহযোগিতা চাই।’ তাহমিনার বাবা আলম হাওলাদার বলেন, আমি গরীব মানুষ। ভালো ছেলে পাওয়ায় আমি বিয়ের আয়োজন করি। কিন্তু মেয়ে রাজি না হওয়ায় বিয়ে হয়নি। আমি সবার সিদ্ধান্ত মেনে নিলাম। বিয়ের উপযুক্ত বয়স না হওয়া পর্যন্ত আর তাহমিনাকে বিয়ে দিবো না। ইন্দুরকানী থানার আই এহি সুদূর রহমান জানান, সরকারি সেভারা স্মৃতি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের এসএসসি পরীক্ষার্থী তাহমিনা আক্তার বাল্যবিয়ে থেকে রক্ষার পাওয়ার জন্য দুইবার থানায় এসেছে। আমরা তার অভিভাবককে ডেকে মুলেকা নিয়ে তাকে পরিবারের কাছে হস্তান্তর করছি।

প্রবীণ শিক্ষক মনিরু

একপুত্র, ৪ মেয়ে, নাতি নাতনীসহ অসংখ্য গুনহাযী ও শুভাকাঙ্খী রেষে গেছেন। দীর্ঘদিন ধরে তিনি কিডনিজনিত জটিলতায় দীর্ঘদিন ভুগছিলেন। জীবদ্দশায় মনিরু চন্দ্র মন্তল পেশায় শিক্ষক ছিলেন। পাশাপাশি বেশ কিছু ধর্মীয় ও উন্নয়নমূলক সংগঠন এর সাথে থেকে মানবকল্যাণে কাজ করেছেন।

বরিশাল স্কাউটে অনিয়মের অভিযোগের

কার্যালয়ে যান কমিটির আহ্বায়ক সাবেক অধ্যক্ষ মো. আবদুর রবসহ তিন সদস্য। এ সময় তারা বাংলাদেশ স্কাউট বরিশাল আঞ্চলিক কার্যালয়ের অভিযুক্ত কমিশনার দেবানীষ হালদার, সম্পাদক ফারুক আলম ও কোষাধ্যক্ষ এস এম জাকির হোসেনের সঙ্গে কথা বলেন। পরে অভিযোগকারী সাবেক ট্রেজারার রুহুল আমিন, লিডার ট্রেনার ও প্রধান শিক্ষক কাজী ফাহিমা আক্তার মুন্নির লিখিত বক্তব্য নেন। এ ছাড়া আরও কয়েকজন ট্রেনার স্কাউট বরিশাল আঞ্চলিক কার্যালয়ের অনিয়মসহ নানা অভিযোগ জানান তদন্ত কমিটির কাছে। শনিবার দুপুর ১২টায় সাক্ষ্য দেওয়া স্কাউটের সাবেক কোষাধ্যক্ষ মো. রুহুল আমিন বলেন, গঠনতন্ত্র অযথাী আডহক কমিটির সদস্য ও আর্থিক তছরূপ করা অভিযুক্ত ব্যক্তরা পূর্ণাঙ্গ কমিটিতে পদ পাবেন না। অথচ মার্চে গঠিত কমিটিতে পদ দেওয়া হয়। এমনকি টোভার ছাড়াই ২৫ লাখ টাকা খরচ করে নিজস্ব লোক দিয়ে স্টল করা হয়েছে। তিনি তদন্ত কমিটির কাছে এসব বিষয় তুলে ধরেছেন। সাক্ষ্য দেওয়া লিডার ট্রেনার ও প্রধান শিক্ষক কাজী ফাহিমা আক্তার মুন্নি বলেন, ‘আমরা অভিযোগ্য তুলে ধরেছি। কিন্তু বর্তমান কমিটি কিছু ভুয়া কাজ জ তৈরি করে অভিযোগ খণ্ডনে তত্পর ছিল। এমনকি প্রধান অভিযুক্ত পরিচালক সাইফুল ইসলামের সাক্ষ্যই নেওয়া হয়নি। আমরা ন্যায়বিচার না পেলে পরবর্তী পদক্ষেপ নেব।’ এ বিষয়ে তদন্ত কমিটির আহ্বায়ক ও সরকারি ফজলুল হক কলেজের সাবেক অধ্যক্ষ মো. আবদুর রব জানান, তিনি তদন্ত শুরু করেছেন। দুজনের সাক্ষ্য গ্রহণ করা হয়েছে। বাংলাদেশ স্কাউট বরিশাল আঞ্চলিক কার্যালয়ের পরিচালক সাইফুল ইসলাম প্রসঙ্গে তিনি বলেন, তিনি এখানে নেই। তাঁকে প্রধান কার্যালয়ে সংযুক্ত করায় তার মতামত এখনো নেওয়া যায়নি। অন্য অভিযোগকারীদের মতামত প্রসঙ্গে তিনি বলেন, প্রমাণ সাপেক্ষে তাঁদের অভিযোগগুলো খতিয়ে দেখা হবে। এর আগে বাংলাদেশ স্কাউট বরিশাল আঞ্চলিক কার্যালয়ের অনিয়ম, অর্থ তছরূপ আর নারী কলেঙ্কারির অভিযোগ খতিয়ে দেখতে গত সোমবার তদন্ত কমিটি করেন স্কাউটের আঞ্চলিক কার্যালয়ের নির্বাহী কমিটির সভাপতি ও বরিশাল শিক্ষা বোর্ডের চেয়ারম্যান। এদিকে নারী কলেঙ্কারি ও অর্থ তছরূপের অভিযোগ ওঠার পর বরিশাল আঞ্চলিক কার্যালয়ের পরিচালক সাইফুল ইসলামকে সরিয়ে প্রধান কার্যালয়ে নিয়ে যাওয়া হয়। অভিযোগ রয়েছে, এক বছর ধরে অর্থ তছরূপ আর নৈতিক কর্মকাণ্ডে জড়িত রয়েছেন স্কাউটের বরিশাল আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তা। গঠনতন্ত্রবিহীন পকেট আঞ্চলিক নির্বাহী কমিটি তৈরি করে যেমন ইচ্ছা তেমন পরিচালিত হাছিল প্রতিষ্ঠানটি। এ ছাড়া কার্যালয়ের পরিচালকের বিরুদ্ধে নারী কলেঙ্কারির অভিযোগ রয়েছে।

হামের উপসর্গে আরও ৪ শিশুর

হাসপাতালে ভর্তি হয়েছে ৬২৪ জন। এদিকে গত ২৪ ঘণ্টায় নিশ্চিত হামে কোনো মৃত্যু নেই। ১৫ মার্চ থেকে ১৮ এপ্রিল পর্যন্ত নিশ্চিত হামে ৩৫ জনের মৃত্যু হয়েছে। গত ২৪ ঘণ্টায় হাম সন্দেহে চারজনের মৃত্যু হয়েছে এবং ১৫ মার্চ থেকে ১৮ এপ্রিল পর্যন্ত সন্দেহজনক হামে মৃত্যু হয়েছে ১৭৮ জনের। স্বাস্থ্য অধিদপ্তর জানিয়েছে, ১৫ মার্চ থেকে ১৮ এপ্রিল পর্যন্ত সন্দেহজনক হাম রোগে হাসপাতালে ভর্তি হয়েছে ১৪ হাজার ৫২২ জন। একই সময়ে সূস্থ হয়ে ছাড়া ১১ হাজার ৭৫১ জন। উল্লেখ্য, স্বাস্থ্য অধিদপ্তরের প্রকাশিত তথ্যে নিশ্চিত মৃত্যুর সংখ্যা ৩৭ বলা হলেও তা সংশোধন করে ৩৫ করা হয়েছে। বরগুনা জেলায় ভুলক্রমে রূপান্তরিত মৃত্যুর নিশ্চিত হাম হিসেবে গণনা করা হয়েছিল বলে জানানো হয়।

বরিশালে দেশীয় সাংস্কৃতিক

শিল্পী সমাবেশে প্রধান অতিথি ছিলেন দেশীয় সাংস্কৃতিক সংসদের কেন্দ্রীয় সভাপতি অধ্যাপক সাইফুল্লাহ মানুছার। বিশেষ অতিথি ছিলেন বরিশাল সংস্কৃতি কেন্দ্রের সাবেক সভাপতি ফেফসের মাহমুদ হোসাইন দুলাল, দেশীয় সাংস্কৃতিক সংসদের বরিশাল অঞ্চল তত্ত্বাবধায়ক কবি ইয়াসিন মাহমুদ ও পরিচালক আযাদ আলাউদ্দীন, বরিশাল জেলা সভাপতি প্রভাষক সাইফুল ইসলাম, পিরোজপুর জেলা সভাপতি অধ্যক্ষ সোহেরাব জুয়েল। অনুষ্ঠান পরিচালনা করেন দেশীয় সাংস্কৃতিক সংসদের বরিশাল জেলা সেক্রেটারি সাইফুল ইসলাম সাহস্কী। সম্মার বরিশাল জেলা শিল্পকলা একাডেমি অভিটেরিয়ারমে বর্ণমালা কালাচারা়ল একাডেমি আয়োজিত সাংস্কৃতিক মন্ডায় প্রদান অতিথি হিসেবে যোগদান করেন অধ্যাপক সাইফুল্লাহ মানুছার। এসময় তার হাতে সম্মাননা স্মারক তুলে দেন বর্ণমালা কালাচারা়ল একাডেমির পরিচালক সাঈদ মাহফুজ সহ সাংস্কৃতিক সংগঠকবৃন্দ।

হাসপাতালে লোডশেডিং

বলেন, হাসপাতালের পুরাতন ভবনের বিদ্যুতের দুটি ফিডারের সংযোগ থাকায় এই ভবনে দুর্ভোগ কম। মাঝে মাঝে দুটি ফিডারে লোডশেড হলে একটি দ্রুত সময়ে চলে আসে। অপরদিকে নতুন ভবনে মাত্র একটি ফিডারের সংযোগ। সেটিতে লোডশেডিংয়ের সময়ে ঘটনার বেশি বিনোদনীয় থাকতে হয়। বিকল্প ব্যবস্থা প্রসঙ্গে পরিচালক বলেন, নেদারেটর আছে। তবে জ্বালানি খাতে বরাদ্দ নেই। বর্তমান পরিস্থিতির জন্য গণপূর্ত বিভাগ অন্য খাত থেকে হাসপাতালে অল্প পরিমাণ জ্বালানি দিচ্ছে। ওই জ্বালানি দিয়ে শুধু জরুরি সাইফুল্লাহ মানুছার সময়ের জন্য জেনারেটর চালানো হয়। এদিকে সদর হাসপাতালের অবস্থা আরও ভয়াবহ। টিনপেড ঘরে হাসপাতালের ডায়রিয়া ওয়ার্ড। কর্মচারি জন্য নির্ধারিত শয্যা ৪টি। রোগীর চাপে আরও ৮টি শয্যা দেওয়া হয়েছে। ১২ শয্যার কর্মকটিতে অর্ধশত রোগী ও স্বজন। সদর হাসপাতালের ডায়রিয়া ওয়ার্ডে কথা হয় রোগীর স্বজন মো. হোসেনের সঙ্গে। তিনি বলেন, ডায়রিয়ায় আক্রান্ত মাকে ভর্তি করিয়েছেন। বেলা ১১টা থেকে ১টা পর্যন্ত বিদ্যুৎ না থাকায় ওই সময় হাসপাতাল মতো এয়ারেই সব স্বজন হাতপাড়া দিয়ে রোগীকে বাতাসে দিচ্ছিলেন। জানা গেছে, এই হাসপাতালে জেনারেটর নেই। ফলে বিদ্যুৎ বন্ধ হলে হাসপাতালের পুরো কার্যক্রম বন্ধ হয়ে যায়। এতে রোগী ও স্বজনদের চরম ভোগান্তিতে পড়ছে। জেনারেল হাসপাতালের আবাসিক চিকিৎসক মলয় কৃষ্ণ বড়াল বলেন, হাসপাতালে মাত্র একটি ফেজের বিদ্যুৎ-সংযোগ। এই ফেজে লোডশেডিংয়ের সময়ে পুরো হাসপাতাল বিদ্যুৎহীন হয়ে পড়ে। বর্তমান পরিস্থিতিতে আরেকটি ফেজের সংযোগ চেয়ে আবেদন করা হয়েছে। বিকল্প ব্যবস্থা প্রসঙ্গে মলয় কৃষ্ণ বড়াল বলেন, হাসপাতালের একটি জেনারেটর ছিল। অনেক আগে সেটি বিলক হয়েছে। করোনার প্রাদুর্ভাবের সময় সেটি সচলরে চেষ্টা করছি।

পুকুরে ধরা পড়ল

কেজি মাছের দাম পড়েছে প্রায় ৮৮৮ টাকা। স্থানীয় বাসিন্দা মোহাম্মদ জাহিদুল ইসলাম বলেন, পুকুরে এত বড় কোরাল মাছ সচরাচর পাওয়া যায় না। খবর পেয়ে আমরা অনেকেই মাছ দুটি দেখতে এসেছি। মাছের ক্রেতা জানিয়েছেন, বর্তমানে বাজারে বড় সাইজের কোরালের ব্যাপক চাহিদা রয়েছে। বিশেষ করে ঢাকার বাজারে এই সাইজের মাছ আরও বেশি দামে বিক্রি সম্ভব। তাই মাছ দুটি বরফজাত করে দ্রুত ঢাকায় পাঠানোর প্রস্তুতি নেওয়া হচ্ছে। এ বিষয়ে কলাপাড়া উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা অণু সাহা বলেন, কোরাল মাছ সাধারণত সামুদ্রিক পরিবেশে বড় হয়। তবে উপকূলীয় এলাকার পুকুরগুলোতে জোয়ারেরে পানি বা পোনার সঙ্গে অনেক সময় কোরাল টুকে পড়ে। পুকুরে সঠিক পরিচর্যা ও প্রাকৃতিক খাবার পেলে এগুলো দ্রুত বড় আকার ধারণ করে। এটি উপকূলীয় মৎস্য চাষিদের জন্য ইতিবাচক সংকেত। তিনি আরও জানান, স্থানীয় চাষিরা আধুনিক পদ্ধতি অনুসরণ করলে উপকূলীয় পুকুরগুলোতেও কোরাল চাষ করে লাভবান হওয়া সম্ভব।

বিএনপি নেতার বিরুদ্ধে

সনাতন ধর্ম ভাণ্য করে ইসলাম ধর্ম গ্রহণের মাধ্যমে জামাল সিকদারের সঙ্গে বিবাহবন্ধনে আবদ্ধ হন ১৯৯৫ সালে। বিয়ের পর থেকেই বিভিন্ন সময় তার স্বামী যৌতুকের জন্য চাপ প্রয়োগ করেন। এর প্রেক্ষিতে বাবার বাড়ি ও আত্মীয়-স্বজনের কাছ থেকে প্রায় ১০ লাখ টাকা এবং চার ভরি স্বর্ণ এনে স্বামীর হাতে তুলে দিতে বাধ্য হন বলেও জানান। নিশাত জাহান দাবি করেন, তাদের বিয়ের কাগজপত্রসহ প্রয়োজনীয় নথিপত্র বর্তমানে তার স্বামীর কাছে রয়েছে। ২০১৩ সালের ৮ নভেম্বর তাদের একটি পুত্রসন্তান জন্মগ্রহণ করে। পরবর্তীতে স্বামীর বাড়িতে বসবাস শুরু করলেও পারিবারিক নানা বিষয়, বিশেষ করে স্বামীর বিরুদ্ধে একাধিক নারীর সঙ্গে সম্পর্কের অভিযোগ ঘিরে বিরোধের সৃষ্টি হয়। নিশাত জাহানের অভিযোগ, এসব ঘটনাকে কেন্দ্র করে তাকে নির্যাতন শারীরিক নির্যাতনের শিকার হতে হয়েছে। একাধিকবার গুরুতর আহত হয়ে হাসপাতালে চিকিৎসাও নিতে হয়েছে। সংবাদ সম্মেলনে নিশাত জাহানের সত্ত্বা শ্রেণিতে পড়ুয়া হেগে সাক্ষির হোসেন উপস্থিতি ছিলেন। সাম্প্রতিক সময়ে নির্যাতনের মাত্রা বৃদ্ধি পেয়েছে এবং তাকে হত্যার চেষ্টাও করা হয়েছে বলে অভিযোগ করেন তিনি। বর্তমানে নিজের ও সন্তানের প্রাণনাশের আশঙ্কায় আত্মগোপনে রয়েছেন বলেও উল্লেখ করেন। সংবাদ সম্মেলনে নিশাত জাহান তার ও তার সন্তানের নিরাপত্তা নিশ্চিত করা, সন্তানের পড়াশোনার সুযোগ সৃষ্টি এবং স্বামীর বাড়িতে নিরাপদে বসবাসের পরিবেশ নিশ্চিত করতে প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেন। অভিযুক্ত ইউনিয়ন বিএনপি সভাপতি জামাল সিকদার বলেন, তার বিরুদ্ধে আনা অভিযোগগুলো সম্পূর্ণ মিথ্যা, ভিত্তিহীন এবং উদ্দেশ্যপ্রণোদিত। তিনি কোনো ধরনের নির্যাতনের সঙ্গে জড়িত নন বলে দাবি করেন।

মঠবাড়িয়ায় খাল পুনঃখনন

রহমান মিজান, উপজেলা বিএনপির সাবেক যুগ্ম-সাধারণ সম্পাদক কে এম নিজামুল কবির মিরাজ, বিএনপির বিভিন্ন অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা। সংদান সদস্য রুহুল আমিন দুলাল বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমানের ঘোষিত খাল খননের নির্দেশনা মোতাবেক মঠবাড়িয়ায় খাল খননের উদ্বোধন করা হয়েছে। খাল দখল করে যারা পাত্রবাহে বাধাগ্রস্ত করেছে সুতা ধরে সব পরিষ্কার করা হবে। খাল খেোকাদের বিরুদ্ধে জিরো টলারেয়ে পোহান্য করলাম।

বোতল থেকে বাইকে তেল

নিয়ে বরিশাল থেকে ঢাকার উদ্দেশ্যে যাচ্ছিলেন এক চালক। পথিমধ্যে গয়নাঘাটা ব্রিজের কাছে এসে মোটরসাইকেলের তেল শেষ হয়ে যায়। এ সময় চালকের সঙ্গে থাকা তেলের বোতল থেকে মোটরসাইকেলের ট্যাংকিতে তেল ভরার সময় হঠাৎ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। এতে তিনি গুরুত্বভাবে দগ্ধ হন। পরে তাকে গুরুত্বর অবস্থায় বরিশাল শেরই বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করা হয়। ডাংফনিকভাবে ওই মোটরসাইকেল চালকের নমা-পরচয় পাওয়া যায়নি। পৌরনানী ফয়ার সার্ভিসের স্টেশন অফিসার মো. জামানুর রহমান গণমাধ্যমকে জানিয়েছেন, খবর পেয়ে ঘটনাস্থলে পৌছে মোটরসাইকেলের আন্তন নিয়ন্ত্রণ করা হয়। তবে আন্তন নিয়ন্ত্রণ করার আগেই মোটরসাইকেলটির অর্ধেক ক্ষতিগ্রস্ত হয়।

বৈদ্যুতিক খুঁটির তার পড়ে ছিল

তিনি চরবিখাস ইউনিয়নের গ্রামীণ ব্যাংকের সিনিয়র অফিসার হিসেবে কর্মরত ছিলেন। এ ঘটনায় আহত মোহাম্মদ আব্দুল গাজী গ্রামীণ ব্যাংক চরবিখাস ইউনিয়ন শাখার সেকেন্ড ম্যানেজার। আব্দুল গাজী জানান, মোটরসাইকেল করে আমরা গলাচিপা থেকে চরবিখাসের দিকে রওনা হই। পথে গলাচিপা-বদনাতলী রুটের বৌবাজার এলাকায় পৌঁছালে সড়কের ওপর বিদ্যুতের লাইনের ছিড়ে পড়ে থাকা তার আবাদুজ্জামানের শরীর স্পর্শ করলে বিদ্যুৎস্পৃষ্টে গুরুতর আহত হন তিনি। বিদ্যুতের ধাক্কা মোটরসাইকেল থেকে সড়কে ছিটকে পড়ে গিয়ে আমিও আহত হয়েছি। পরে স্থানীয় লোকজন আমাদেরকে উদ্ধার করে গলাচিপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসে। পরে সেখান আসাদকে মৃত ঘোষণা করা হয়। গলাচিপা পল্লী বিদ্যুৎ সমিতির এজিএম (কমি) মো. তাকোয়েল জানান, সকাল সাড়ে ৬টা রের দিকে দুর্ঘটনার খবর পাওয়ার পরপরই বিদ্যুৎ সংযোগ বন্ধ করা হয়। বর্তমানে লাইন মেরাতের কাজ চলছে। গলাচিপা থানার ওসি মো. জিল্লুর রহমান বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে ফোর্স পাঠানো হয়েছে। এ ঘটনায় গলাচিপা থানায় একটি ইউডি (অপমৃত্যু মামলা) করা হয়েছে।

কটছে না সয়াবিন তেলের সংকট

লিটার বিক্রি হচ্ছে। তবে পছন্দের ব্র্যান্ডের বোতলজাত সয়াবিন খুঁজে পাওয়া এখন সৌভাগ্যের বিষয় হয়ে দাঁড়িয়েছে। রাজধানীর বিভিন্ন বাজার ঘুরে দেখা যায়, অনেক দোকানেই বোতলজাত সয়াবিন তেল নেই। এই চিত্র অবস্থা দুই-এক দিনের নয়; দীর্ঘ ক্ষিতরের আগে থেকেই রাজধানীর বিভিন্ন বাজারে দোকানগুলোতে সয়াবিন তেলের সরবরাহে চরম সংকট দেখা যায়। এমনকি সুপারশপগুলো থেকেও একপর্যায়ে বোতলজাত সয়াবিন তেল উঠাও হয়ে যায়। এখনও মাঝে মাঝে সুপারশপগুলোতে বোতলজাত সয়াবিন বিক্রি বন্ধ রাখতে দেখা গেছে। আজ অবস্থা ঢাকার মুগদা, মানিকনগর, মতিঝিল, ফিলপাও এলাকার ‘স্বপ্ন’, ‘ডেইলি শপিং’ এবং স্থানীয় কয়েকটি সুপারশপে অল্প পরিমাণ বোতলজাত সয়াবিন তেল বিক্রি হতে দেখা গেছে। মহম্মার মুদি দোকানের বিক্রেতারা বলেনছেন, চাহিদা মতো তেল দিচ্ছে না ডিলাররা। অনেক ক্ষেত্রে তেল চাইলে মানতে হচ্ছে তাদের শর্ত। কখনো কখনো তেলের সঙ্গে কোম্পানির অন্যান্য পণ্য ক্রয়ের শর্তে অল্প পরিমাণ তেল মিলছে। আগের মতো বাকিতেও পাওয়া যাচ্ছে না তেল। কেউ আবার ফিলের অর্ডার নিলেও দোকান পর্যন্ত তেল পৌঁছে দিচ্ছেন না। ডিলার পরেক্ত থেকে তেল আনতে বাড়তি পরিবহন খরচ হচ্ছে। ডিলার কমিশনও কমিয়ে দেওয়া হচ্ছে। এমন নানা মুখী ভোগাভোগ পর বোতলজাত সয়াবিন এনে আগের মতো লাভ থাকছে না তাদের। এতে বোতলজাত সয়াবিন সত্ত্বাহে অগ্রহহ হারাজেছেন তারা। মানিকনগর বাজারের বিক্রেতা আসলাম শেখ জানান, তারা গত সত্ত্বাহে ফ্রেশ ব্র্যান্ডের অল্প কিছু বোতলজাত সয়াবিন তেল সংগ্রহ করেছে। খোলা তেলের দাম বেশি হওয়ায় অনেকেই এখন বোতলজাত সয়াবিন তেল নিতে চায়। কিন্তু, সবাইকে বোতলজাত সয়াবিন দেওয়া সম্ভব হচ্ছে না। যারা

তাদের পুরোনো ক্রেতা রয়েছেন, তাদের ধরে রাখতে কিছু তেল পুকিয়ে রেখে বিক্রি করছেন। এদিকে বাজারে অধিকাংশ দোকানেই খোলা সয়াবিন তেল প্রতি কেজি ২১০ টাকা দরে বিক্রি হতে দেখা গেছে। কোনো কোনো দোকানে ২২০ টকায় এক কেজি খোলা সয়াবিন তেল বিক্রি হচ্ছে। খোলা পাম তেল বিক্রি হচ্ছে ১৯০ থেকে ১৯৫ টাকা কেজি দরে। জানা গেছে, মধ্যপ্রাচ্য যুদ্ধের কারণে আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত ভোজ্যতেলের দাম বেড়েছে। এ অবস্থায় গত ২৫ মার্চ বাণিজ্য মন্ত্রণালয়ে তেলের দাম সমন্বয়ের দাবি জানিয়ে চিঠি দেয় বাংলাদেশ ভেজিটেবল অয়েল রিফাইনার্স অ্যান্ড বনস্পতি ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন। তবে সরকার থেকে অনুমতি না পাওয়ায় বোতলজাত সয়াবিনের দাম বাড়াতে পারেনি কোম্পানিগুলো। এই পরিস্থিতিতে ব্যয় বেশি হওয়ায় ভোজ্যতেল উৎপাদক কোম্পানিগুলো বাজারে বোতলজাত সয়াবিন তেলের সরবরাহ কমিয়েছে।

ফের হরমুজ প্রণালি বন্ধ করলো

রেন্ডুল্যশনারি গার্ডস কর্পসের (আইআরজিসি) সঙ্গে যুক্ত ফার্স নিউজ এজেন্সি, ইরানিয়ান স্টুডেন্টস নিউজ এজেন্সি এবং রষ্ট্রীয় সম্প্রচারকারী আইআরআইবি, আইআরজিটির এক বিবৃতির উদ্ধৃতি দিয়ে জানিয়েছে যে, এই প্রণালি ‘?’তার পূর্বের অবস্থায়’ ফিরে আসবে এবং সমস্ত বাহিনী ডলার্কটি নিয়ন্ত্রণ করবে। এর আগে কিছু জাহাজ এই জলপথ দিয়ে যাতায়াত করতে দেখা গেছে। কিন্তু এই গুরুত্বপূর্ণ নৌপথ দিয়ে ঠিক কী পরিমাণ সামুদ্রিক যান চলাচল করেছে তা স্পষ্ট নয়। আইআরজিটির বিবৃতিতে যুক্তরষ্ট্রকে ‘জলদস্যুতা’র জন্য অভিযুক্ত করা হয়েছে এবং বলা হয়েছে যে তাদের ‘ডলার্কটি অবরোধ’ জলপথে ডাকাতিত্ব শামিল। ইরান এ আগেই জানিয়েছিল যে, যুক্তরষ্ট্র যদি তাদের বন্দরগুলোর ওপর অবরোধ অব্যাহত রাখে, তবে তারা এই প্রণালি বন্ধ করে দেবে।

লেবাননেও গাঁজার মতো ‘ইয়েলো

ব্যবহার করা হয়, লেবাননেও ঠিক একই ধরনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে দখলদার সেনাবাহিনী জানিয়েছে। শনিবার আলজাজিরার প্রতিবেদনে বলা হয়, লেবাননে যুদ্ধবিরতি কার্যকর হওয়ার পর থেকে প্রথমবারের মতো এই ‘ইয়েলো লাইন’-এর কথা উল্লেখ করে ইসরায়েলি সামরিক বাহিনী বিবৃতি দিয়েছে। তারা জানিয়েছে, গত ২৪ ঘণ্টায় তারা এই রেখা অতিক্রম করা সন্দেহভাজন হিজবুল্লাহ যোদ্ধাদের ওপর হামলা চালিয়েছে। ইসরায়েলি সেনাবাহিনীর দাবি অনুযায়ী, দক্ষিণ লেবাননে অবস্থানরত ইসরায়েলি বাহিনীর কাছে উত্তর দিক থেকে এই যোদ্ধারা এগিয়ে আসছিল। ইসরায়েলি বাহিনীর দৃষ্টিতে এটি যুদ্ধবিরতির শর্ত লঙ্ঘন এবং বাহিনীর জন্য সরাসরি হুমকি হিসেবে বিবেচিত হওয়ায় হামলা করা হয়। সরারয়েলি বাহিনী এক বিবৃতিতে বলেছে, হুমকি নির্মূল করার লক্ষ্যে সামরিক বাহিনী দক্ষিণ লেবাননের বেশ কয়েকটি এলাকায় হামলা চালিয়েছে। তারা আরও স্পষ্ট করেছে, যুদ্ধবিরতি চললেও যেকোনো সম্ভাব্য হুমকি মোকাবিলায় ব্যবস্থা নেওয়ার অধিকার ইসরায়েলি সেনাবাহিনীর রয়েছে। গত ১০ অক্টোবর গাজায় যুদ্ধবিরতি কার্যকর হওয়ার পর থেকে সেখানে একটি ‘ইয়েলো লাইন’ বিদ্যমান। এই রেবাটি কার্যত গাজাকে দুই ভাগে বিভক্ত করেছে। যার একটি অংশ ইসরায়েলি সামরিক বাহিনীর অধীনে এবং অন্যটি হামাসের নিয়ন্ত্রণে রয়েছে। এখন লেবানন সীমান্তেও একই ধরনের সামরিক বিভাজন রেখা কার্যকর করা হলো।

ডিবি হেফাজতে নির্যাতন

সদর উপজেলার খানাকুনিয়ারি গ্রামের মৃত মোবারেক আলী ফকিরের ছেলে। তিনি দুই মেয়ের জনক। পুলিশ অফিসার মেসের অস্থায়ী কেয়ারটেকার হিসেবে কর্মরত ছিলেন, বর্তমানে গুরুতর আহত অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। এ ঘটনায় তার পরিবার সুস্থ তামস্ত ও দুষ্টান্তলুলক বিচার দাবি জানিয়েছেন। ইউনস এর পরিবার ও স্থানীয়রা জানান, গত সোমবার ১৩ এপ্রিল টাকা চুরির অভিযোগে মেসে কেয়ারটেকার ইউনুসকে ডিবি পুলিশ জিজ্ঞাসাবাদের সময় তাকে অমানবিকভাবে শারীরিক নির্যাতন করা হয়। এমনকি তার শরীরের সংবেদনশীল স্থানে মোমের আঙুল দিয়ে পোড়ানো হয়েছে। ঘটনাটি গোপন রাখতে প্রথমে তাকে সরকারি হাসপাতালে ভর্তি না করে একটি বেসরকারি ডায়াগনস্টিক সেন্টারে চিকিৎসা দেওয়া হয়। সেখানে চিকিৎসকদের কাছেও প্রকৃত ঘটনা বলতে বাধ্য দেওয়া হয়। পরদিন (১৪ এপ্রিল) পুলিশ সুপারের নির্দেশে তাকে ফুলবার একটি বেসরকারি হাসপাতালে নেওয়া হয়। সেখানেই নির্যাতনের প্রকৃত ঘটনা গোপন রাখতে ইউনুসকে ভিন্ন বক্তব্য দিতে চাপ প্রয়োগ করা হয়েছে বলে দাবীপরিবারের। পরবর্তীতে ইউনুসকে পিরোজপুরের পুলিশ সুপার মোহাম্মদ মন্সুর আহমেদ সিদ্দিকীর কাছে নিয়ে যায়। এরপর তিনি ইউসের কাছ থেকে বিস্তারিত শোনার পর ওই মেসে কাজ করা ঝাড়ুরার শারিলকে তেকে পাঠান। পরবর্তীতে জিজ্ঞাসাবাদে শাকিল টাকা চুরির কথা স্বীকার করে এবং পুলিশ সেই টাকা উদ্ধার করে। এরপর ইউনুস প্রথমে যে টাকা দিয়েছিল সেগুলো তাকে ফেরত দেওয়া হয়। এছাড়া পুলিশের সাথে যেটো ঠেঠে না এই আশঙ্কায় তারা কোথাও কোন অভিযোগ দেয়নি। ইউসের ভাই আনিসুর রহমান বলেন, আমার ভাইয়ের সঙ্গে যে আচরণ করা হয়েছে তা চরম অমানবিক। যেভাবে আমার ভাইকে নির্মম নির্যাতন করা হয়েছে তার বর্ণনা দেয়াও অসম্ভব। আমার ভাইয়ের জীবন পঙ্গু করে দেয়া হয়েছে। আমার ভাইয়ের পর্যাপ্ত চিকিৎসা দরকার। আমরা এ ঘটনার সৃষ্ট তদন্ত ও বিচার চাই।

আগৈলঝাড়া প্রেসক্লাবের সাংবাদিকদের

মো: জহিরুল ইসলাম সবুজ, রিপন বিশ্বাস, যুগ্ম সাধারণ সম্পাদক মো: লুৎফর রহমান মালিক, যুগ্ম সম্পাদক জাহিদুল ইসলাম জাহিদ, বিকাশ শেখ রায়, যুগ্ম সাধারণ সম্পাদক মো: মানিক হাওলাদার, কোষাধ্যক্ষ মো: মনিরুজ্জামান, দত্তর তথ্য ও প্রচার সম্পাদক মৃদুল দাস, নির্বাহী সদস্য-১ মো: সাইফুল ইসলাম, নির্বাহী সদস্য-২ মো: আজাদ রহমান, সাবেক সভাপতি ও প্রতিষ্ঠাতা সদস্য সরদার হারুন দাস, সাবেক সভাপতি অপূর্ব লাল সরকার, সাবেক সাধারণ সম্পাদক প্রবীর বিশ্বাস ননী, সদস্য মোঃ ইউসি খান, সমীরন রায়, জগদীশ মন্ডল, সৈকত বাউট, মলয় বিশ্বাস, শফিকুল ইসলাম, মো: তাসদিত হায়দার সাজিদ, মো: দিদার হোসেন, উপেন মজুমদার কিশোর, বিপ্লব গাইন, মো: ফারুক আনন্, মো: মানিক হাওলাদার, মো: সরোয়ার আলম সহ সকল সদস্য আগৈলঝাড়া প্রেসক্লাবের কার্যালয় বসে ১৮/৪/২০২৬ ইং সকাল ১১ ঘটিকায় জরুরি সভার সিদ্ধান্ত অনুযায়ী সকলে একাত্ত পোষণ করেন এবং সভা শেষে সাংবাদিক শফিকুল ইসলামের বড় ভাই সাংবাদিক বিএম মহম্মদ নবির এর রুহুরে আত্মার শান্তি কামনার লক্ষ্যে দোয়া অনুষ্ঠিত হয়।

বাবুগঞ্জে বৈশাখী মেলায়

গ্রামগুলোতে আত্মীয়-স্বজন, মেয়ে-জামাইদের দাওয়াত দিয়ে আনা হয়। ঘোড়ার দৌড় দেখতে বিভিন্ন উপজেলা থেকেও হুটে আসেন দর্শনাধীরা। ঘোড়ার দৌড় ছাড়াও মেলায় রয়েছে ম্যাজিক প্রদর্শনী, নাগরদোলা। সাবেক ইউপি চেয়ারম্যান মহম্মদ আব্দুল সত্তার হাওলাদার প্রায় ৪০ বছর আগে উপজেলার পোস্ট অফিস বাজার প্রতিষ্ঠা করেন। তখন থেকেই প্রতি বছর এখানে বৈশাখী মেলার ঘোড়ার দৌড় প্রতিযোগিতা হচ্ছে। মেলা আয়োজক কমিটির সদস্য ও যুগ্মদল নেতা আবিফুর রহমান ইরান বলেন, এই মেলাকে কেন্দ্র করে এলাকার মানুষের মধ্যে

সামাজিক বন্ধন আরও দৃঢ় হচ্ছে। বরিশাল বিমানবন্দর থানার ওসি আল মামুনুল ইসলাম বলেন, ঐতিহ্যবাহী মেলায় আইনশৃঙ্খলা রক্ষায় পুলিশ টহল অব্যাহত ছিলো।

হাতের টানেই উঠছে সড়কের পিচ

ব্যবস্থা নেওয়া হয়নি। গত বুধবার (১৫ এপ্রিল) পিচ ঢালাইয়ের কাজ শুরু করা হয়। কিন্তু কম বিটুমিন ব্যবহারের কারণে শিল্পদের হাতের টানেই পিচ উঠে যাচ্ছে। এতে অল্প সময়ের মধ্যেই সড়কটি চলাচলের অনুপযোগী হয়ে পড়ার আশঙ্কা রয়েছে। এ কারণে স্থানীয় বাসিন্দারা বৃহস্পতিবার দুপুরে কাজ বন্ধ করে দেন। তবে ঠিকাদার মো. রফিকুল ইসলাম অভিযোগ অস্বীকার করে বলেন, মূল ঠিকাদারের কাছ থেকে কাজ নিয়ে নিয়ম মেনেই সড়কের কাজ করা হচ্ছে। নিম্নমানের কাজ করার কোনো সুযোগ নেই। কাজের মান নিয়ন্ত্রণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের ল্যাব রয়েছে। তিনি আরও বলেন, সড়কে পিচ ঢালাইয়ের পর পূর্ণাঙ্গ ‘কিউরিং’ হতে অন্তত ৮ থেকে ১০ দিন সময় লাগে। গত বুধবার পাইতিখোলা থেকে কুতুবপুর সড়কের কিছু অংশে পিচ ঢালাই করা হয়েছে। একটি মহল ইচ্ছাকৃতভাবে হাত দিয়ে পিচ তুলে ভিডিও করে বিবাস্তি সৃষ্টি করেছে। এ বিষয়ে মুলানী উপজেলা প্রকৌশলী মো. জিয়াউল হক বলেন, পাইতিখোলা থেকে কুতুবপুর সড়কের কাজ সম্ভোষজনক হলেও কিছু লোক কাজের বাধা দেওয়ার চেষ্টা করেছে। বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

মুলাদীতে জোরপূর্বক জমি

মামলা হলে সবকটি রায়ই আহমেদ আলী সরদার গং এর পক্ষে আসে। কিন্তু দীর্ঘদিন যাবত স্থানীয় ধলু বেপারী মতিউর রহমান শিকদারের পক্ষ নিয়ে জোরপূর্ব আরপেদ আলী সরদার গং এর সম্পত্তি দখল করার পায়তারা চালিয়ে আসছে। বর্তমানেও ওই সম্পত্তি নিয়ে বিজ্ঞ আদালতে মামলা চলছে। গত তিন চারদিন পূর্বে উক্ত বিরোধীও সম্পত্তিতে ভেঙু নিয়ে জোরপূর্বক মাটি কাটতে যায় ধলু বেপারী ও তার লোকজন। এ সময় আরশেদ আলী সরদার গং এর লোকজন এতে বাধা দিতে গেলে তাদেরকে জীবননাশের হুমকি সহ বাড়িঘর পুড়িয়ে দেয়ার হুমকি প্রদান করেন ধলু বেপারী ও তার লোকজন। উপায়ান্ত না পেয়ে আরশেদ আলী সরদার গং এর লোকজন মুলাদি থানায় অভিযোগ করলে থানা পুলিশ ঘটনাস্থলে গিয়ে কেউ সরিয়ে নেয়া সহ আদালতের রায় হওয়ার পূর্বে সকল কাজ বন্ধ রাখার নির্দেশ প্রদান করেন। ধলু বেপারী বিগত দিনে আওয়ামী লীগের প্রভাব খাটিয়ে একের পর এক অন্যের জমি দখল করে আসছে বলে জানায় স্থানীয়রা। বর্তমানেও ধলু বেপারী ও তার লোকজন অসহায় পরিবারগুলোকে একের পর এক হুমকি দিয়ে আসছে বলে জানান তারা।

প্রশাসনের আশ্বাসে আমতলীতে

উল্লেখযোগ্যভাবে বেড়েছে। তবে ভাঙ্গা থেকে কুয়াকাটা পর্যন্ত প্রায় ২০৫ কিলোমিটার সড়ক এখনও সুর এবং ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। এতে প্রায়ই দুর্ঘটনা ঘটছে এবং প্রাণহানির ঘটনাও বাড়ছে। তাদের অভিযোগ, ২০১৮ সালে ভাঙ্গা-বরিশাল-কুয়াকাটা মহাসড়ক চার লেনে উন্নীত করার প্রকল্প অনুমোদন প্লেসেও দীর্ঘ সময় পেরিয়ে গেলেও এর বাস্তবায়ন শুরু হয়নি। ফলে স্থানীয়দের মধ্যে ক্ষোভ বাড়ছে। এদিকে, শনিবার (১৮ এপ্রিল) আমতলী উপজেলা নির্বাহী কর্মকর্তা মুহাম্মাদ জাফর আরিফ চৌধুরী বলেন, আন্দোলনকারীদের দাবিগুলো গুরুত্বসহকারে বিবেচনা করা হচ্ছে এবং বিষয়টি ইতোমধ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে। দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার চেষ্টা চলছে বলেও জানান তিনি। প্রশাসনের এই আশ্বাসের পর আপাতত কর্মসূচি প্রত্যাহারের সিদ্ধান্ত নেয় আমতলী সচেতন নাগরিক সমাজ। তবে তারা সতর্ক করে বলেন, নির্দিষ্ট সময়ের মধ্যে দৃশ্যমান অগ্রগতি না হলে আবারও কঠোর কর্মসূচি গ্রহণ করা হতে পারে। আমতলী সচেতন নাগরিক সমাজের অন্যতম সংগঠক আসাদুজ্জামান মোমেন আকন ও নুহ ফকির বলেন, উপজেলা প্রশাসনের আশ্বাসে আমরা আপাতত কর্মসূচি প্রত্যাহার করছি। তবে দ্রুত কার্যকর পদক্ষেপ না হলে আবারও আন্দোলনে নামতে বাধ্য হব। আন্দোলনকারীরা জানান, সাম্প্রতিক সময়ে এই সড়কে একাধিক দুর্ঘটনায় প্রাণহানির ঘটনা আন্দোলনকে তীব্র করে তোলে। বিশেষ করে গত ১৪ এপ্রিল আমতলী এলাকায় ট্রাকচাপায় দুই অটোরিকশা যাত্রী নিহত হওয়ার পর স্থানীয়দের মধ্যে ক্ষোভ ছড়িয়ে পড়ে। স্থানীয়দের দাবি, দক্ষিণাঞ্চলের গুরুত্বপূর্ণ এই মহাসড়ক দ্রুত চার লেনে উন্নীত করা না হলে দুর্ঘটনা ও প্রাণহানির ঝুঁকি আরও বাড়বে। একইসঙ্গে পর্যটন কেন্দ্র কুয়াকাটার সঙ্গে যোগাযোগ ব্যবস্থাও ব্যাহত হবে বলে তারা আশঙ্কা প্রকাশ করেন। আমতলী সচেতন নাগরিক সমাজ বলেছে, সরকারের পক্ষ থেকে কার্যকর উদ্যোগই এখন তাদের একমাত্র প্রত্যাশা।

সংরক্ষিত নারী আসনে

দেওয়া হবে ৩০ এপ্রিল। জেটিভিত্তিক বন্টন অনুযায়ী বিএনপি ও তাদের মিত্ররা ৩৬টি, জামায়াতে ইসলামী ও তাদের জেট ১৩টি এবং স্বতন্ত্রদের জন্য ১১টি সংরক্ষিত নারী আসন নির্ধারিত হয়েছে। এর অংশ হিসেবে জামায়াত তাদের কোটা থেকে জাতীয় নাগরিক পার্টির কেন্দ্রীয় যুগ্ম-সদস্য সচিব ডা. মাহমুদা আলম মিত্তকে মনোনয়ন দিয়েছে। একইসঙ্গে জাপপার পক্ষ থেকে ব্যারিস্টার তাসমিয়া প্রাথনের মনোনয়নও চূড়ান্ত করা হয়েছে। বাংলাদেশের জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনের নির্বাচন সরাসরি ভোটে নয়, বরং আনুপাতিক প্রতিনিধিত্ব পদ্ধতিতে সম্পন্ন হয়। সাধারণ নির্বাচনে প্রাপ্ত আসনের ভিত্তিতে রাজনৈতিক দলগুলো নির্দিষ্ট সংখ্যক সংরক্ষিত আসন পায় এবং সেই অনুযায়ী নারী প্রার্থীদের মনোনয়ন দেয়। মনোনীত প্রার্থীর সংখ্যা বরাদ্দকৃত আসনের সদান হলে নির্বাচন কমিশন তাদের বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষণা করে। জানা যায়, ডা. মাহমুদা আলম মিত্তর পেঁতুক বাড়ি ঝালকাঠি-১ আসনের কাঠালিয়া উপজেলার শৌলজালিয়া গ্রামে। তার দাদা আমজাদ হোসেন তিনবার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ছিলেন। শৈশব ও শিক্ষাজীবনের একটি বড় অংশ কেটেছে ঝালকাঠি ও বরিশালে। শৌলজালিয়া হাই স্কুল থেকে অষ্টম শ্রেণিতে বৃত্তি অর্জনের পর বেতাগী ডিগ্রি কলেজ থেকে উচ্চ মাধ্যমিক শেষ করেন। পরে ঢাকায় শাহাবুদ্দিন মেডিকেল কলেজ থেকে এমবিবিএস ডিগ্রি লাভ করেন। মনোনয়ন পাওয়ার আগে থেকেই তিনি ঝালকাঠি-১ এলাকায় তরুণদের কর্মসংস্থান, নারীর নিরাপত্তা, শিক্ষা উন্নয়ন ও গ্রামীণ স্বাস্থ্যসেবায় কাজ করে আসছেন। ‘কেয়ার অব মিড’ নামের একটি সামাজিক উদ্যোগের মাধ্যমে দীর্ঘদিন ধরে অসহায় মানুষকে পাশে দাঁড়িয়েছেন তিনি। ডা. মিত্ত বলেন, শৈশবের স্বপ্ন ও মানুষের সেবা করার ইচ্ছা থেকেই তিনি এই পর্যায়ে এগেছেন। চিকিৎসক হিসেবে অভিজ্ঞতা কাজে লাগিয়ে প্রত্যন্ত অঞ্চলে মাতৃস্বাস্থ্যসেবা, জরুরি চিকিৎসা এবং কর্মউনিটি স্বাস্থ্যব্যবস্থা শির্ভাশালী করতে চান তিনি। পাশাপাশি ঝালকাঠিকে একটি নিরাপদ, শিক্ষিত ও মানবিক জনপদ হিসেবে গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করেন। তিনি জানান, ৬টি সংসদীয় আসন নিয়ে একটি সংরক্ষিত নারী আসন। আমি ঝালকাঠি পিরোজপুর ও বরগুনার আসন চাইবো।

ঝালকাঠিতে সওজের জলাশয় ভরাট

নির্মাণের উদ্যোগ নেয় এবং দশপত্রের কার্যাদেশ পেয়ে ঠিকাদারি প্রতিষ্ঠান ইতোমধ্যে কাজ শুরু করেছে। ঠিকাদারি প্রতিষ্ঠানের মহলিক মাহমুদুল ইসলাম কাজ বাস্তবায়ন করছেন বলে জানা গেছে। এদিকে, গত ১৫ এপ্রিল ঝালকাঠি জেলা প্রশাসকের কার্যালয়ের সভাকক্ষে হাইওয়ে মাস্টার প্ল্যান-২০৪০ বাস্তবায়ন

সংক্রান্ত অংশীজন সভায় বিষয়টি উপস্থাপন করেন সড়ক ও জনপথ বিভাগের নির্বাহী প্রকৌশলী শাহরিয়ার শরীফ খান। তিনি প্রকল্পটি নিয়ে উন্নয়ণ প্রকাশ করেন এবং এ বিষয়ে আনুষ্ঠানিকভাবে প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করেন। পরবর্তীতে সওজের পক্ষ থেকে একটি স্মারক জারি করে জেলা প্রশাসক ও পৌর প্রশাসকের কাছে চিঠি পাঠানো হয়। এতে বলা হয়, বরিশালঝালকাঠিপিরোজপুরবাগেরহাটখুলনা জাতীয় মহাসড়কের পেট্রোল পাম্প মোড় থেকে বাসস্ট্যান্ড সংলগ্ন সড়কের অধিগ্রহণ করা জমিতে কোনো ধরনের স্থাপনা নির্মাণ করা যাবে না। বিশেষ করে ৪-লেন উন্নয়ন প্রকল্পের ভবিষ্যৎ পরিকল্পনার কারণে জমিটি গুরুত্বপূর্ণ উল্লেখ করা হয়। চিঠিতে আরও বলা হয়, ভূমি ব্যবহার নীতিমালা-২০১৫ অনুযায়ী পূর্ব অনুমোদন ছাড়া এ ধরনের সরকারি জমিতে স্থাপনা নির্মাণ আইনগতভাবে গ্রহণযোগ্য নয়। তাই ওই স্থানে ট্রাকস্ট্যান্ড নির্মাণ কার্যক্রম বন্ধের অনুরোধ জানানো হয়। স্থানীয়ভাবে খোঁজ নিয়ে জানা গেছে, একই জায়গায় ২০২৩ সালে একটি মডেল মসজিদ নির্মাণের উদ্যোগ নেওয়া হলেও সওজের অনুমোদন না পাওয়ায় তা বাস্তবায়ন হয়নি। এবার একই স্থানেই পৌর কর্তৃপক্ষ ট্রাকস্ট্যান্ড নির্মাণের কাজ শুরু করায় নতুন করে বিতর্কের সৃষ্টি হয়েছে। কৃষকটি মৌজার ৯৯ নং জে.এল, ১৪২৮ নং এসএ দাগভুক্ত এই জমি ব্যক্তি মালিকানা থেকে অধিগ্রহণ করে সওজের নিয়ন্ত্রণে রয়েছে বলে জানা যায়। পাশাপাশি এলাকাটি একটি জলাশয় হওয়ায় বাস্তু নিয়ে দায়িত্ব ও পরিবেশগতভাবে প্রশ্রবিন্দ্ব বলে মনে করছেন স্থানীয়রা। পরিবেশবিদদের মতে, অনুমোদন ছাড়া জলাশয় ভরাট করা প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইন, ২০০০’ এবং ‘পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত ২০১০)’ অনুযায়ী দণ্ডনীয় অপরাধ। এতে সর্বোচ্চ ৫ বছরের কারাদণ্ড বা জরিমানা অথবা উভয় দণ্ডের বিধান রয়েছে। এ বিষয়ে জমির মালিক কামরুল ইসলাম তালুকদার বলেন, আমাদের ক্রয় করা দাগের জমি থেকে কিছু অংশ অধিগ্রহণ করা হয়েছে। কিন্তু এখনও বেশির ভাগ জমি আমাদের মালিকানায় রয়েছে। এ বিষয়ে সঠিক পরিমাপ ও নোটিশ ছাড়া কাজ করা হচ্ছে। আমরা এ বিষয়ে কিছুই জানি না। আমাদের ঠিকাদার মাহমুদুল ইসলাম জানান, পৌরসভা থেকে কাজের অনুমতি পেয়েছি, তাই কাজ শুরু করেছি। জমির মালিকানা ও অন্যান্য বিষয় পৌর কর্তৃপক্ষ দেখবে। ঝালকাঠি পৌরসভার উপ-সহকারী প্রকৌশলী মো. নাজমুল হাসান বলেন, শহরের জন্য একটি ট্রাকস্ট্যান্ড প্রয়োজন। সেই কারণেই প্রকল্পটি নেওয়া হয়েছে। বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করে সমাধান করা হবে।

বরগুনায় বাড়ছে ডায়রিয়ায়

চিকিৎসা নিতে হাসপাতালে ভর্তি হয়েছেন ৪২২ জন। এর মধ্যে গত ২৪ ঘণ্টায় নতুন করে ভর্তি হয়েছেন ৯৬ জন। তবে এখন পর্যন্ত জেলার বিভিন্ন হাসপাতালে চিকিৎসা নিতে আসা এসব আক্রান্ত রোগীর মধ্যে ২ হাজার ৮২৩ জন সুস্থ হয়ে বাড়িতে ফিরেছেন। জেলায় ডায়রিয়ায় আক্রান্ত হয়ে এখন পর্যন্ত বরগুনার ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে সর্বাধিক রোগী চিকিৎসাসেবা নিয়েছেন। আক্রান্ত মোট ৩ হাজার ৬৩ জনের মধ্যে ১ হাজার ৫৪৯ জনই ভর্তি হয়ে চিকিৎসা নিয়েছেন এ হাসপাতালটিতে। এ ছাড়া, বাকি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সেগুলোর মধ্যে এখন পর্যন্ত আমতলী ৫২৫, বেতাগী ১৪২, বামনা ১৬৮, পাথরঘাটা ৩৬৭ এবং তালতলী উপজেলায় ৩০৪ জন ডায়রিয়ায় আক্রান্ত হয়ে চিকিৎসা নিয়েছেন। এর মধ্যে, গত ২৪ ঘণ্টায় নতুন করে ডায়রিয়ায় আক্রান্ত হয়ে বরগুনা জেনারেল হাসপাতালে ৩৪, আমতলী ১৩, বেতাগী ১০, বামনায় ৫ এবং পাথরঘাটায় ও তালতলীতে ১৭ জন করে ও৪ জন রোগী ভর্তি হয়েছেন। বরগুনায় ডায়রিয়া আক্রান্ত রোগীদের চিকিৎসাসেবা নিশ্চিত এবং যে কোনো পরামর্শ প্রদানের লক্ষ্যে চিকিৎসক ও স্বাস্থ্য বিভাগের মাঠ পর্যায়ের বিভিন্ন কর্মীদের সমন্বয়ে জেলায় কাজ করছে ৪৫টি মেডিকেল টিম। এর মধ্যে বরগুনা সদর ও আমতলী উপজেলায় ১১টি করে মোট ২২টি, বেতাগী ৫টি, বামনা ও পাথরঘাটায় ৮টি করে ১৬টি এবং বরগুনা জেনারেল হাসপাতালে ২টি মেডিকেল টিম কাজ করছে। এ বিষয়ে বরগুনা জেলা সিন্ডিল সার্জন ডা. মোহাম্মদ আবুল ফাতাহ বলেন, প্রতিবছর এই সময়ে ডায়রিয়ার আক্রান্ত রোগীর সংখ্যা বৃদ্ধি পায়। সে তুলনায় এখন পর্যন্ত স্বাভাবিক রয়েছে। আক্রান্ত রোগীদের চিকিৎসাসেবায় এখন পর্যন্ত প্রয়োজনীয় ওষুধ এবং স্যালাইনের সংকট নাই। আক্রান্ত রোগীদের মধ্যে কোনো মৃত্যুর ঘটনা ঘটেনি এবং বেশিরভাগ আক্রান্ত রোগীই চিকিৎসা নিয়ে সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন।

কাউখালীতে মশাবাহিত রোগ

খালে জমে থাকা কচুরিপানা ও ময়লা-আবর্জনা স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে পরিষ্কার করেন অংশগ্রহণকারীরা। অভিযানে স্থানীয় রাজনৈতিক দলের নেতা-কর্মী, বাজার কমিটির প্রতিনিধি, সবদাকর্মী ও সাধারণ মানুষ অংশ নেন। এ সময় ‘ডেডস্কুল’ অন্যান্য মশাবাহিত রোগ প্রতিরোধে অংশীজনদের উদ্বুদ্ধকরণের লক্ষ্যে সম্মিলিত অভিযান’ গোপালসংবলিত ব্যানারসহ প্রয়োজনীয় সরঞ্জাম নিয়ে পরিষ্কার-পরিচ্ছন্নতা কাজে যোগ দেন অংশগ্রহণকারীরা। কর্মসূচিতে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন জোঠ সাংবাদিক এনামুল হক, রিয়াদ মাহমুদ শিকদার, স্বেচ্ছাসেবক দলের সভাপতি জাহিদুর রহমান ফিরোজ, ছাত্রদল নেতা মইন হোসেন তালুকদার, বিএনপি নেতা সাইদুল হক পিটু এবং বাজার কমিটির সাধারণ সম্পাদক সোয়াব সিদ্দিকী। উপজেলা নির্বাহী কর্মকর্তা আসাদুজ্জামান বলেন, ‘স্থানীয়দের মধ্যে সচেতনতা বৃদ্ধির পাশাপাশি পরিচ্ছন্ন পরিবেশ গড়ে তোলার লক্ষ্যে নিয়মিতভাবে এই অভিযান চালিয়ে যাওয়া হবে। জনস্বাস্থ্য রক্ষায় সব শ্রেণি-পেশার মানুষকে এই উদ্যোগে সম্পৃক্ত হওয়ার আহ্বান জানান।’ স্থানীয় বাসিন্দারা জানান, এ ধরনের নিয়মিত উদ্যোগ পরিবেশ রক্ষা ও জনস্বাস্থ্য নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

গোয়েন্দা অভিযানে পিকআপ

পিকআপ থেকে নামানো পার্শ্ববর্তী বাবুগঞ্জ উপজেলার আগরপুর বন্দরের এক্ষেন চৌকিদারের ছেলে জুয়েলের দোকান থেকে ১০ ব্যারেল ভর্তি জ্বালানি তেল জব্দ করেছেন এনএসআই’র সদস্যরা। এ ব্যাপারে পৌরনদী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (পসি) তারেক হাসান রাসেল বলেন, এখনো ওই এলাকায় অভিযান চলছে। সেখানে পুলিশ রয়েছে। অভিযান শেষে জব্দকৃত তেলের বিষয়ে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

লেবাননেও গাজার মতো ‘ইয়েলো লাইন’ ঘোষণা করল ইসরায়েল

কীর্তনখোলা ডেস্ক

ইসরায়েলি সামরিক বাহিনী দক্ষিণ লেবাননে একটি নতুন ‘ইয়েলো লাইন’ (হলুদ রেখা) বা সীমানা নির্ধারণের ঘোষণা দিয়েছে। গাজা উপত্যকায় হামাস-নিয়ন্ত্রিত এলাকা থেকে ইসরায়েলি বাহিনীকে পৃথক করতে যে ধরনের পদ্ধতি ৩ এর পাতায় দেখুন



হাতের টানেই উঠছে সড়কের পিচ কাজ বন্ধ করে দিলেন স্থানীয়রা

মুলাদী প্রতিনিধি
বরিশালের মুলাদীতে হাতের টানেই একটি সড়কের পিচ উঠে যাচ্ছে বলে অভিযোগ উঠেছে। নিম্নমানের ইট, কম পরিমাণ বিটুমিন ও প্রয়োজনীয় প্রাইম কোট ছাড়া কাজ করার কারণে এমনটি হচ্ছে বলে দাবি স্থানীয় বাসিন্দাদের। এ ঘটনায় বৃহস্পতিবার দুপুরে বিক্ষুব্ধ

এলাকাবাসী সড়কের কাজ বন্ধ করে দেন। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) সূত্রে জানা গেছে, মুলাদী পৌরসভার ২ নম্বর ওয়ার্ডের তেরচর পাইতিখোলা খোয়াঘাট থেকে সদর ইউনিয়নের কুতুবপুর বাজার পর্যন্ত প্রায় ২ হাজার ৪০০ মিটার সড়ক সংস্কারের জন্য প্রায় চার কোটি টাকা বরাদ্দ দেওয়া

হয়েছে। কাজটি করছেন ঠিকাদার মো. রফিকুল ইসলাম। কুতুবপুর বাজার এলাকার বাসিন্দা আব্দুল জলিল সিকদার বলেন, প্রায় আড়াই কিলোমিটার সড়ক সংস্কারের কাজে নিম্নমানের ইট ব্যবহার করা হয়েছে। বিষয়টি উপজেলা প্রকৌশলীকে জানানো হলেও কোনো ৩ এর পাতায় দেখুন

আগৈলঝাড়া প্রেসক্লাবের সাংবাদিকদের জরুরি সভা

আগৈলঝাড়া প্রতিনিধি
সাংবাদিকদের ঐতিহ্যবাহী সংগঠন আগৈলঝাড়া প্রেসক্লাবের সাংবাদিকদের এক জরুরী সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত অনুষ্ঠানের আয়োজন প্রেসক্লাবের সভাপতি মো: শামিমুল ইসলাম শামিম এর সভাপতিত্বে ও সাধারন সম্পাদক এফ. এম নাজমুল রিপনের সম্বলনায় আগৈলঝাড়া প্রেসক্লাবের গঠনতান্ত্রিক দিক ধরে আলোচনা সভা হয়েছে এ সময় সার্বিক দিক তুলে ধরে আলোচনা করা হয়েছে এবং সহ-সভাপতি সাইফুল মুখা বলেন গঠনতান্ত্রিক অনুযায়ী সকলের আইন মেনে চলা উচিত কারণ আমরা যারা পত্রিকার সাথে জড়িত আছি তবে আমাদের সার্বিক দিক তুলে ধরে কাজ করতে হবে আগৈলঝাড়া প্রেস ক্লাবের সহ-সভাপতি এইচ এম মাসুম হাওলাদার, সহ-সভাপতি ৩ এর পাতায় দেখুন



প্রশাসনের আশ্বাসে আমতলীতে গণ অনশন প্রত্যাহার

বরগুনা প্রতিনিধি
বরগুনার আমতলীতে ঢাকা-কুয়াকাটা মহাসড়ক চার লেনে উন্নীতকরণের দাবিতে চলা গণ অনশন কর্মসূচি উপজেলা প্রশাসনের আশ্বাসে প্রত্যাহার করা হয়েছে। শনিবার (১৮ এপ্রিল) দুপুরে কর্মসূচি স্থগিতের ঘোষণা দেন আদোলনকারীরা। স্থানীয় আমতলী সচেতন নাগরিকদের উদ্যোগে গত বৃহস্পতিবার সকাল ৯টা থেকে পটুয়াখালী-কুয়াকাটা মহাসড়কের আতলী একে স্থল পর্যায়ে এই গণ অনশন শুরু হয়। টানা তিন দিন ধরে চলা কর্মসূচিতে শিক্ষক, সাংবাদিক, সশীল সমাজের প্রতিনিধি এবং বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশ নেন। আদোলনকারীরা জানান, পদ্মা সেতু চালুর পর ঢাকা-কুয়াকাটা মহাসড়কে যানবাহনের চাপ ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে

নিউ লাইফ

মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড

যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।

০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

কাটছে না সয়াবিন তেলের সংকট

বরিশাল ১১ রবিবার ১৯ এপ্রিল ২০২৬ ১০৬ বৈশাখ ১৪৩৩

কাটছে না সয়াবিন তেলের সংকট

কীর্তনখোলা ডেস্ক
বাজারে বিভিন্ন ব্র্যান্ডের বোতলজাত সয়াবিন তেলের সংকট শুরু হয়েছে প্রায় দুই মাস আগে। দোকানগুলোতে আগে বিভিন্ন অপরিচিত ব্র্যান্ডের সয়াবিন তেল দেখা গেলেও এখন চির পুরোপুরি ভিন্ন। আর পরিচিত ব্র্যান্ডের তেলও চাহিদা অনুযায়ী খুবই সামান্য মিলছে।

রাজধানীর বিভিন্ন বাজারে অধিকাংশ দোকানিই তাদের পছন্দের ও পরিচিত ব্র্যান্ডের ধরে রাখতে লুকিয়ে বিক্রি করছেন বোতলজাত সয়াবিন। অপরিচিত কাস্টমারদের কোনো কোনো দোকানি অল্প বোতলজাত সয়াবিন থাকা সত্ত্বেও স্পষ্ট জানিয়ে দিচ্ছেন তেল নেই। এই সুযোগে অবশ্য বাড়তি দামে বিক্রি হচ্ছে খোলা সয়াবিন

তেল। ঈদুল ফিতরের আগেই বাজারে খোলা তেলের কেজি ২০০ টাকা ছাড়িয়েছিল। ঈদের পর গত কয়েক দিনে সেটি আরও বেড়ে বিভিন্ন বাজারে ন্যূনতম ২১০ টাকায় বিক্রি হচ্ছে। কোথাও কোথাও ২২০ টাকা পর্যন্ত কেজি দরে বিক্রি হতেও দেখা গেছে। আর বোতলজাত তেল আগের দামে ১৯৫ টাকায় প্রতি ৩ এর পাতায় দেখুন

বাবুগঞ্জে বৈশাখী মেলায় ঐতিহ্যবাহী ঘোড়দৌড়

বাবুগঞ্জ প্রতিনিধি
পটুয়াখালীর বাবুগঞ্জে দুই দিনব্যাপী বৈশাখী মেলায় গ্রামীণ ঐতিহ্যের অন্যতম আকর্ষণ ঘোড়ার দৌড় প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। উপজেলার চাঁদপাশা ইউনিয়নের পোস্ট অফিস বাজার মাঠে দুই দিন ব্যাপী এ মেলা শনিবার ঘোড়ার দৌড়



প্রতিযোগিতার মধ্য দিয়ে শেষ হয়। মেলায় ঘোড়ার দৌড় দেখতে হাজারো মানুষের ঢল নামে। প্রতিযোগিতায় অংশ নেয় পাঁচটি ঘোড়া। স্থানীয়রা জানায়, বৈশাখী মেলায় ঘোড়ার দৌড় দেখতে উপজেলার চাঁদপাশা ইউনিয়নের আশপাশের ৩ এর পাতায় দেখুন

পুকুরে ধরা পড়ল ২৭ কেজির দুই কোরাল

মহিপুর প্রতিনিধি

পটুয়াখালীর মহিপুরে একটি পুকুরে বড় আকৃতির দুটি কোরাল মাছ ধরা পড়ছে, যার মোট ওজন ২৭ কেজি। মাছ দুটি স্থানীয় বাজারে ডেকে (দিলাম) মাধ্যমে ২৪ হাজার টাকায় বিক্রি হয়েছে। শনিবার (১৮ এপ্রিল) সকালে মহিপুর থানার লতাচাপালী ইউনিয়নের মাইটজাঙ্গা গ্রামের জাকির খানের পুকুরে জাল টানার সময় এই বিশাল আকৃতির মাছ দুটি ধরা পড়ে। পুকুরের মালিক জাকির খান মাছ দুটি বিক্রির জন্য কুয়াকাটার মেয়র কার্কেটে নিয়ে এসে সেখানে মাছগুলো এক নজর দেখতে উৎসুক জনতার ভিড় জমে। নিলামের মাধ্যমে মাছ দুটি বিক্রি হয়। ধরা পড়া কোরাল দুটির মধ্যে একটির ওজন ১৫ কেজি এবং অন্যটি ১২ কেজি। সে হিসেবে প্রতি ৩ এর পাতায় দেখুন



গোয়েন্দা অভিযানে পিকআপ ভর্তি জ্বালানি তেল জব্দ

পৌরনী প্রতিনিধি

বরিশালের পৌরনীতে পিকআপ ভর্তি ১৫ ব্যারেল পেট্রোল, অকটেন ও ডিজেল জব্দ করেছেন জাতীয় নিরাপত্তা গোয়েন্দা (এনএসআই)। অবৈধভাবে মজুতের জন্য এসব জ্বালানি তেল সরিয়ে নেওয়া হচ্ছিল বলে জানায় সংস্থাটি। শনিবার (১৮ এপ্রিল) বিকালে উপজেলার সিরিকবন্দর এলাকায় অভিযান চালিয়ে এসব জ্বালানি তেল জব্দ করা হয়েছে। খোঁজ নিয়ে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে বরিশাল নগরী থেকে এনএসআইর সদস্যরা ওই পিকআপের পিছু নেয়। পরে উপজেলার সিরিকবন্দরের আব্দুর রহমানের গোড়াউনে পিকআপ থেকে অবৈধ মজুতের জন্য নামানোর সময় ১৫ ব্যারেল জ্বালানি তেল জব্দ করা হয়। যার মধ্যে রয়েছে, ২৪শ লিটার ডিজেল, ছয়শ লিটার অকটেন ও দুইশ লিটার পেট্রোল। একই ৩ এর পাতায় দেখুন

বরগুনায় বাড়ছে ডায়রিয়ায় আক্রান্ত রোগী

বরগুনা প্রতিনিধি

বরগুনায় বাড়ছে ডায়রিয়ায় আক্রান্ত রোগীর সংখ্যা। গত এক সপ্তাহে জেলার বিভিন্ন হাসপাতালে চিকিৎসা নিয়েছেন ৪২২ জন রোগী। তাদের মধ্যে গত ২৪ ঘণ্টায় আক্রান্ত হয়েছেন ৯৬ জন। তবে জেলায় এখন পর্যন্ত ডায়রিয়া আক্রান্ত কোনো রোগীর মৃত্যুর ঘটনা ঘটেনি। শনিবার (১৮ এপ্রিল) বরগুনা জেলা সিভিল সার্জন অফিসের তথ্য সূত্রে জানা যায়, চলতি বছর এখন পর্যন্ত ডায়রিয়ায় আক্রান্ত হয়ে জেলার বিভিন্ন হাসপাতালে চিকিৎসা নিয়েছেন মেট ও হাজার ৬০ জন রোগী। তাদের মধ্যে গত এক সপ্তাহে ৩ এর পাতায় দেখুন

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন

এম.বি.বি.এস; এফ.পি.পি.এস. ফেলো ডিউট. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যাপক ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ

চোখার: মেডিকেল মেডিকেল সার্ভিসেস লিঃ
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
বোধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য: ০১৭৫২-১০৪০৮৬, ০১৭১১-২৪০৯৬৬
০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭১৬-০৫৪৯৭৫

বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

ফের হরমুজ প্রণালি বন্ধ করলো ইরানের সামরিক বাহিনী

কীর্তনখোলা ডেস্ক

ফের হরমুজ প্রণালি বন্ধ করলো ইরানের সামরিক বাহিনী। দেশটির রাষ্ট্রীয় গণমাধ্যমের তথ্য অনুসারে, দেশটির সামরিক বাহিনী হরমুজ প্রণালির ওপর তাদের নিয়ন্ত্রণ পুনরায় গ্রহণ করছে বলে জানিয়েছে। খবর বিবিসির। ইসলামিক ৩ এর পাতায় দেখুন



বৈদ্যুতিক খুঁটির তার পড়ে ছিল সড়কে পেঁচিয়ে ব্যাংক কর্মকর্তার মৃত্যু

পটুয়াখালী প্রতিনিধি

পটুয়াখালীর গলাচিপায় সড়কে পড়ে থাকা বৈদ্যুতিক খুঁটির তারে বিদ্যুৎস্পৃষ্টে মো. আসাদ উজ্জমান (৪৪) নামে এক ব্যাংক কর্মকর্তার মৃত্যু হয়েছে। এসময় আরও একজন আহতের খবর পাওয়া গেছে। শনিবার (১৮ এপ্রিল) সকালে উপজেলার রতনদী তালতলী ইউনিয়নের বৌবাজার এলাকায় গলাচিপা-বদনাতলী সড়কে এ ঘটনা ঘটে। নিহত আসাদ উপজেলার গোলখালী ইউনিয়নের নলুয়াবাগী গ্রামের মো. ফজলুর রহমানের ছেলে। ৩ এর পাতায় দেখুন

বোতল থেকে বাইকে তেল ভরাই কাল হলো চালকের পৌরনী প্রতিনিধি

বোতল থেকে মোটরসাইকেলে তেল ভরার সময় ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। এতে বাইকের চালক গুরুতরভাবে দগ্ধ হন। এরপর স্থানীয়রা তাকে উদ্ধার করে হাসপাতালে প্রেরণ করেন। শনিবার (১৮ এপ্রিল) জোর সোয়া হেটার দিকে বরিশালের পৌরনী বাসস্ট্যান্ড সংলগ্ন গয়নাঘাটা ব্রিজের কাছে দুর্ঘটনাটি ঘটে। প্রত্যক্ষদর্শীরা জানান, একটি ইয়ামাহা আর-১৫ মোটরসাইকেল ৩ এর পাতায় দেখুন



বিএনপি নেতার বিরুদ্ধে স্ত্রী নির্যাতনের অভিযোগ

ঝালকাঠি প্রতিনিধি

ঝালকাঠি সদর উপজেলার গাভারামচন্দ্রপুর ইউনিয়ন বিএনপির সভাপতি রিয়াজুল আমিন জামাল সিকদারের বিরুদ্ধে শারীরিক ও মানসিক নির্যাতনের অভিযোগ তুলেছেন তার স্ত্রী নিশাত জাহান ছবি। শনিবার (১৮ এপ্রিল) দুপুর ১২টায় ঝালকাঠি প্রেস ক্লাবের কাজী খলিলুর রহমান মিলনায়তনে এক সংবাদ সম্মেলনে এ অভিযোগ করেন নিশাত জাহান। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে নিশাত জাহান জানান, প্রেমের সম্পর্কের সূত্র ধরে তিনি ৩ এর পাতায় দেখুন



ঝালকাঠিতে সওজের জলাশয় ভরাট করে ট্রাকস্ট্যান্ড নির্মাণের অভিযোগ

ঝালকাঠি প্রতিনিধি

ঝালকাঠি শহরের বাসস্ট্যান্ড সংলগ্ন এলাকায় সড়ক ও জনপথ (সওজ) বিভাগের অধিগ্রহণ করা একটি জলাশয় অনুমতি ছাড়া ভরাট করে ট্রাকস্ট্যান্ড নির্মাণের অভিযোগ উঠেছে ঝালকাঠি পৌর কর্তৃপক্ষের বিরুদ্ধে। স্থানীয় সূত্রে জানা যায়, ঝালকাঠি পৌরসভা ৭ নম্বর ও হাজার ৮৮-৭ টাকা বরাদ্দে একটি ট্রাকস্ট্যান্ড ৩ এর পাতায় দেখুন

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে

ঈশিতা কম্পিউটার

All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography

উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১০৪৮৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহমেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় : সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com